শিক্ষা আনে সভ্যতা
সভ্যতা আনে মানবিকতা

সমগ্র শিক্ষা
Samagra Shiksha

# বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উজ্জ্বল ভবিষ্যতের লক্ষ্যে অভিভাবকদের ভূমিকা

স্পেশাল এডুকেটর/বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সহায়িকা





# ভূমিকা

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পিতামাতারা প্রায়শই বিভিন্ন সমস্যার সম্মুখীন হন যা তাদের জীবনকে ভীষণভাবে প্রভাবিত করে। এই সমস্যাগুলি বোঝা এবং তা অতিক্রম করার জন্য কার্যকরী সহায়তা গ্রহণ করা খুবই গুরুত্বপূর্ণ যা ভবিষ্যতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও তাদের পিতামাতার দক্ষতা বৃদ্ধিতে ও  ক্ষমতায়নে সহায়ক হবে। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের চাহিদাগুলি কি কি এবং কিভাবে পিতামাতারা কার্যকরভাবে সেই চাহিদাগুলি পূরণ করতে পারেন, সেই সম্পর্কে পিতামাতাদের স্পষ্ট ধারণা থাকা দরকার।


প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইন, ২০১৬ -তে ২১ ধরণের প্রতিবন্ধকতাকে মান্যতা দেওয়া হয়েছে। এই আইন অনুযায়ী, পশ্চিমবঙ্গে ২১ ধরণের প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের নাম বিদ্যালয়ে (প্রাথমিক/উচ্চ প্রাথমিক/ মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়) এবং গৃহ-ভিত্তিক শিক্ষায় নথিভুক্ত করা হয়েছে।

বিদ্যালয়গামী বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে পাঠ্যক্রমিক ও সহ-পাঠ্যক্রমিক দক্ষতা বৃদ্ধির জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা সম্পদ কক্ষ বা রিসোর্স রুমে বিশেষ শিক্ষাদান পদ্ধতি অবলম্বন করে তাদের পাঠ্য বিষয়গুলি বুঝিয়ে দেন এবং গৃহ-ভিত্তিক শিক্ষার অন্তর্ভুক্ত গুরুতর ও বহুবিধ প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের বাড়িতে গিয়ে শিক্ষাদান করেন।

সম্পদ কক্ষ বা রিসোর্স রুমের বিভিন্ন কার্যাবলী কার্যকরভাবে পরিচালনা করার জন্য পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশনের যে নির্দেশিকা ছিল  সেই নির্দেশিকায় প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইন, ২০১৬-এর পরিপ্রেক্ষিতে কিছু পরিবর্তন করা হয়েছে। এই নির্দেশিকায় বলা হয়েছে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর অভিভাবকদের প্রতিবন্ধকতা ও তার সাথে সম্পর্কিত অন্যান্য বিষয়ে সচেতন করে তোলা বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের একটি মূল কাজ। এর ফলে পিতামাতারা তাদের সন্তানদের সঠিকভাবে যত্ন নেওয়ার কৌশলগুলি সম্পর্কে অবগত হন যা তাদের সন্তানের বিকাশে ভালভাবে সহায়তা করতে সক্ষম করে তোলে।

সঠিক তথ্য এবং ব্যবহারিক নির্দেশ পেয়ে পিতামাতারা আরও বেশি আত্মবিশ্বাসী ও সচেতন হয়ে ওঠেন। সন্তানদের সামগ্রিক বিকাশের জন্য ও তাদের মধ্যে স্বাধীনভাবে জীবনযাপন করার দক্ষতা গড়ে তোলার জন্য পিতামাতারা উপযুক্ত পরিবেশ তৈরি করতে সক্ষম হন।

অন্তর্ভুক্তিমূলক শিক্ষার অন্তর্গত অভিভাবক সচেতনতার প্রক্রিয়াটিকে আরো কার্যকর করার জন্য পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন, ইউনিসেফ-এর সহযোগিতায় বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের জন্য একটি পুস্তিকা প্রস্তুত করেছে। এই পুস্তিকায় রয়েছে:



বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অভিভাবকত্বের সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন প্রাসঙ্গিক বিষয়ে সচেতন করার কার্যাবলী সমন্বিত একটি মাসিক ক্যালেন্ডার



অভিভাবক সচেতনতার কার্যাবলী পরিচালনা করার জন্য নির্দিষ্ট উদ্দেশ্য, প্রত্যাশিত ফলাফল এবং অংশগ্রহণ করার পদ্ধতির বিস্তারিত বিবরণসহ মাসিক অধিবেশনের পরিকল্পনা

এই পুস্তিকাটির উদ্দেশ্য হল অভিভাবকদের সাথে অর্থবহ আলোচনা সভা পরিচালনা করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া যাতে অভিভাবকেরা সক্রিয়ভাবে তাদের সন্তানদের শিক্ষাগ্রহণে এবং পরিবারে ও সম্প্রদায়ে অন্তর্ভুক্ত হতে সমর্থন করতে পারেন।

[1] প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার (RPWD) আইন, ২০১৬

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পিতামাতা/অভিভাবকদের

# সচেতনতা বৃদ্ধির মাসিক ক্যালেন্ডার

**জানুয়ারী** — **৬**

### প্রতিবন্ধকতা সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণা

- বিভিন্ন প্রতিবন্ধকতা সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণাগুলি সম্পর্কে পিতামাতা/অভিভাবকদের সচেতন করা এবং সঠিক ধারণা তৈরী করা
- প্রমাণ ভিত্তিক ফলাফল এবং সাফল্যের ঘটনাগুলি জানানো

**ফেব্রুয়ারী** — **১১**

### আইনি অধিকার, সরকারী যোজনা এবং সুযোগ-সুবিধা

- প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইন, ২০১৬ এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আইনি অধিকার
- সরকারী পরিষেবা ও সুযোগ-সুবিধা পাওয়ার পদ্ধতি

**মার্চ** — **১৫**

### সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিবন্ধকতার ব্যবস্থাপনা

- দৈনন্দিন জীবনযাপনের দক্ষতা
- উপযুক্ত সহায়ক সরঞ্জাম ও যন্ত্রপাতির ব্যবহার
- স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্যকর অভ্যাস

**এপ্রিল** — **২০**

### অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিবন্ধকতার ব্যবস্থাপনা

- দৈনন্দিন জীবনযাপনের দক্ষতা
- উপযুক্ত সহায়ক সরঞ্জাম ও যন্ত্রপাতির ব্যবহার
- স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্যকর অভ্যাস

**মে** — **২৪**

### বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিবন্ধকতার ব্যবস্থাপনা

- দৈনন্দিন জীবনযাপনের দক্ষতা
- উপযুক্ত সহায়ক সরঞ্জাম ও যন্ত্রপাতির ব্যবহার
- স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্যকর অভ্যাস

**জুন** — **২৯**

### পিতামাতা/অভিভাবকদের হাতে-কলমে প্রশিক্ষণ

- স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা থেকে শিশুর চাহিদা সম্পর্কে ধারণা তৈরী
- উপযুক্ত শিখন-শিক্ষণ উপকরণের ব্যবহার
- স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা অনুযায়ী শিশুর অগ্রগতির নিরীক্ষণ
- বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করা

জুলাই

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর চাহিদা অনুযায়ী, বাড়ির পরিবেশে পরিবর্তন

৩৩

- আসবাবপত্র এবং বাড়ির অন্যান্য জায়গায় প্রয়োজন অনুযায়ী অভিযোজন করা
- দৈনন্দিন কার্যাবলী সম্পর্কে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে ধারণা তৈরী করার জন্য অনুমানযোগ্য রুটিন ও দৃশ্যমান সময়সূচী প্রস্তুত করা

আগস্ট

## স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি এবং পুষ্টি

৩৬

- টীকাকরণ ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করার প্রয়োজনীয়তা
- সুষম খাদ্য
- ঋতুকালীন স্বাস্থ্যবিধি

সেপ্টেম্বর

## প্রতিবন্ধকতা ও লিঙ্গ বৈষম্য

৪০

- বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েরা দ্বিগুণ বৈষম্যের শিকার হয়
- প্রচলিত স্টিরিওটাইপগুলিকে অতিক্রম করা এবং সমন্বয়মূলক মনোভাব গড়ে তোলা

অক্টোবর

## সামাজিকীকরণ ও যোগাযোগ

৪৪

- পারিবারিক ও অঞ্চলের বিভিন্ন অনুষ্ঠানে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অংশগ্রহণ
- বাড়িতে সহানুভূতিশীল কথোপকথন ও যোগাযোগ

নভেম্বর

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর মাতা-পিতার মানসিক সুস্থতার প্রয়োজনীয়তা

৪৯

- দুশ্চিন্তা ও মানসিক চাপ মোকাবিলা করার কৌশল
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের দেখাশোনা ও বেড়ে ওঠার ক্ষেত্রে উপযুক্ত সহায়তা করার জন্য মাতা – পিতাদের কাউন্সেলিং পরিষেবা গ্রহণ করার প্রয়োজনীয়তা

ডিসেম্বর

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার পরিকল্পনা

৫৩

- উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠান এবং বিভিন্ন কোর্স
- কারিগরী দক্ষতা বৃদ্ধির বিভিন্ন কার্যক্রম ও বৃত্তি




# জানুয়ারী

## আলোচনার বিষয়ঃ প্রতিবন্ধকতা সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণা

### আলোচনা সভার উদ্দেশ্য

- প্রতিবন্ধকতা সম্পর্কে সমাজে প্রচলিত ভ্রান্ত ধারণাগুলি ভাঙা
- বিভিন্ন ধরণের প্রতিবন্ধকতা সম্পর্কে অভিভাবকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা এবং কীভাবে তারা ভুল ধারণাগুলি কার্যকরভাবে প্রতিহত করতে পারেন, সেই সম্পর্কে বোঝানো
- পরিবারে ও সমাজে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক ও সহায়ক পরিবেশ গড়ে তোলা

### প্রত্যাশিত ফলাফল:

- অভিভাবকেরা নিজেদের সমস্যাগুলিকে আরো দক্ষতার সাথে কার্যকরভাবে সামলাতে পারবেন
- প্রতিবন্ধকতা সম্পর্কে সমাজে প্রচলিত সাধারণ ভ্রান্ত ধারণাগুলির বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ করতে অভিভাবকেরা সক্ষম হবেন
- অভিভাবকেরা প্রতিবন্ধকতা সম্পর্কে বাস্তবসম্মত ও সঠিক তথ্য অর্জন করবেন, যা তাদের মধ্যে সহমর্মিতা ও অন্তর্ভুক্তির মনোভাব গড়ে তুলতে সাহায্য করবে
- অভিভাবকেরা তাদের নিজেদের সন্তান ও অন্যান্য বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার সুনিশ্চিত করার জন্য বিভিন্ন অংশীদারদের সাথে ওকালতি করার জন্য আত্মবিশ্বাস অর্জন করবেন

### অধিবেশনের পরিকল্পনা:

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| প্রতিবন্ধকতা সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণাগুলি নিয়ে আলোচনা | ১০ মিনিট |
| ভ্রান্ত ধারণাগুলির সত্যতা / যথার্থতা সম্পর্কে আলোচনা | ৩০ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

# নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা:

## পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি



- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের আন্তরিকভাবে স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি উৎসাহজনক পরিবেশ তৈরী করবেন
- অভিভাবক ও বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বৃত্তাকারে বসবেন যাতে সকলের সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করা যায়
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।
- এই কার্যাবলীতে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা নিজেদের নাম বলবেন এবং এমন একটি ঘটনার কথা সকলের সামনে তুলে ধরবেন যেখানে তাঁরা নিজেদেরকে একাকী বা বঞ্চিত অনুভব করেছিলেন এবং কিভাবে সেই পরিস্থিতির মোকাবিলা করেছিলেন। এরপর অভিভাবকেরাও একইভাবে নিজেদের অভিজ্ঞতা সকলের সাথে ভাগ করে নেবেন।
- এই সংক্ষিপ্ত কার্যাবলীর পরে,বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের বুঝতে সাহায্য করবেন যে বঞ্চিত হওয়ার অনুভূতি একজন মানুষের উপর কতটা গভীর প্রভাব ফেলে। তাঁরা এই অনুভূতির সঙ্গে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বাস্তব অভিজ্ঞতার মিল তুলে ধরবেন, যাঁরা প্রতিনিয়ত সমাজে বঞ্চনা ও উপেক্ষার শিকার হয়। এই আলোচনার মাধ্যমে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অন্তর্ভুক্তিমূলক ও সহায়ক পরিবেশ গড়ে তোলার গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের বুঝতে সাহায্য করবেন।

১০ মিনিট

## প্রতিবন্ধকতা সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণাগুলি নিয়ে আলোচনা



- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের চারটি দলে ভাগ করে দেবেন
- প্রত্যেক দলকে প্রতিবন্ধকতা নিয়ে পাঁচটি (৫) বাক্য লিখতে বলা হবে
- প্রতিটি দল থেকে উঠে আসা বক্তব্যগুলি থেকে স্বাভাবিকভাবে কিছু প্রচলিত ভ্রান্ত ধারণা ও তথ্য উঠে আসবে, যা পরবর্তী আলোচনা শুরু করতে সাহায্য করবে। প্রতিটি দল নিজেদের বক্তব্যগুলি নিয়ে প্রথমে আলোচনা করবে এবং বোঝার চেষ্টা করবে তাদের কোন কোন ধারণাগুলি ভুল ও কেন। তারপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বিস্তারিতভাবে ব্যাখ্যা করবেন।

১০ মিনিট

## ভ্রান্ত ধারণাগুলির সত্যতা / যথার্থতা সম্পর্কে আলোচনা



- পূর্ববর্তী আলোচনা থেকে সংগ্রহ করা সব ভ্রান্ত ধারণাগুলি বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একত্র করবেন।
- প্রতিবন্ধকতা সম্পর্কিত আরও কিছু সাধারণ ভ্রান্ত ধারণা সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের অবগত করবেন এবং সব ভ্রান্ত ধারণাগুলি নিয়ে একটি তালিকা তৈরী করবেন

- নিম্নলিখিত ভ্রান্ত ধারণাগুলি নিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের সাথে বিস্তারিত আলোচনা করতে পারেনঃ

**ভ্রান্ত ধারণা**

১. সেরিব্রাল পলসি আছে এমন শিশুদের বুদ্ধ্যাঙ্ক কম থাকে

২. বিশেষ চাহিদা সম্পন্ন মানুষেরা কোন সম্পর্কে যেতে চায় না বা পারে না

৩. সব বধির মানুষেরাই ইশারার ভাষা ব্যবহার করতে পারে এবং অন্যদের ঠোঁটের নড়াচড়া দেখে তারা কি বলছে তা বুঝতে পারে।

৪. বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিরা পড়াশোনা চালিয়ে যেতে পারে না

৫. বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সব সময় সহায়তার প্রয়োজন হয়।

৬. বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিরা যাতে ভালোভাবে জীবনযাপন করতে পারে তার জন্য তাদের 'সারিয়ে তোলা' অথবা তাদের প্রতিবন্ধকতাকে দূর করা দরকার

৭. বৌদ্ধিক প্রতিবন্ধকতা আছে এমন শিশুদের সব সময় ডাউন সিনড্রোম থাকে

৮. প্রতিবন্ধকতা হল মায়ের কোনো অপকর্মের ফল

৯. বহুবিধ প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের আয়ু কম হয়

১০. দৃষ্টি প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের শ্রবণশক্তি খুব ভালো হয়

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনার মাধ্যমে এবং বাস্তব তথ্যের উপর ভিত্তি করে অভিভাবকদের মধ্যে থাকা ভ্রান্ত ধারণাগুলি ও সমাজে প্রচলিত কুসংস্কারগুলি ভাঙ্গার চেষ্টা করবেন এবং তাদের এই বিষয়ে সচেতন করে তুলবেন।
- বাস্তব জীবনের কিছু সাফল্যের ঘটনার কথা অভিভাবকদের সামনে তুলে ধরে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা তাদের উৎসাহ দেবেন ও আত্মবিশ্বাসী হয়ে উঠতে সাহায্য করবেন।
- আলোচনা চলাকালীন বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের খেয়াল রাখতে হবে, যাতে অভিভাবকেরা কোনো ভ্রান্ত ধারণার কথা বললেও তাদের অপমান করা না হয়। পরিবর্তে এই আলোচনা সভায় অভিভাবকদের নতুন কিছু শেখার সুযোগ দিতে হবে ও তাদের সচেতন করে তোলার পরিবেশ তৈরি করতে হবে।
- এই পর্যায়ের আলোচনার শেষে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের এমন একটি ভ্রান্ত ধারণার কথা সকলের সামনে তুলে ধরতে বলবেন যা তারা আগে বিশ্বাস করতেন কিন্তু আলোচনায় অংশগ্রহণ করার পর সেই ধারণা পরিবর্তিত হয়ে গেছে। এই কার্যাবলীর মধ্যমে অভিভাবকেরা নিজেদের ব্যক্তিগত উপলব্ধি সকলের সাথে ভাগ করে নিতে পারবেন এবং পরস্পরের মধ্যে একটা বন্ধন তৈরি হবে।

৩০ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সমাজের মূলস্রোতে অন্তর্ভুক্ত করার গুরুত্বের উপর জোর দেওয়ার জন্য আলোচনা সভার শেষ পর্যায়ে একটি মজার ও অন্তর্দৃষ্টিপূর্ণ কার্যাবলী বিশেষ শিক্ষক-শিক্ষিকারা পরিচালনা করবেন।
- অভিভাবকদের দুটি দলে ভাগ করতে হবে।
- প্রতিটি দল থেকে একজন স্বেচ্ছাসেবককে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বেছে নেবেন। একজনের পা বেঁধে দেওয়া হবে, এবং অপরজনের চোখ কাপড় দিয়ে বাঁধতে হবে। বিশেষ শিক্ষক-শিক্ষিকারা দুজন স্বেচ্ছাসেবককে কিছু কাজ করতে দেবেন, যেমন - চোখ বাঁধা ব্যক্তিকে একটি বোতলে জল ভরতে বলবেন, এবং যে ব্যক্তির পা বাঁধা আছে, তাকে  স্কুলের ভিতরটা ঘুরে দেখতে বলবেন।
- দুটি দলের বাকি সদস্যদের বিশেষ শিক্ষক-শিক্ষিকারা দুটি লম্বা  লাইন এমনভাবে তৈরি করতে বলবেন যাতে সবার মধ্যে শারীরিক সংযোগ থাকে।
- এই কার্যাবলী চলাকালীন যদি স্বেচ্ছাসেবকেরা তাদের দল থেকে আলাদা হয়ে যান বা একা হয়ে পড়েন তাহলে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা কার্যাবলীর শেষে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও ব্যক্তিদের বঞ্চনার বিভিন্ন অভিজ্ঞতা ব্যাখ্যা করে অভিভাবকদের বিষয়টি বুঝতে সাহায্য করবেন।
- যদি কার্যাবলী চলাকালীন স্বেচ্ছাসেবকদের অন্তর্ভুক্ত করা হয়, তাহলে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা এর জন্য পুরো দলের প্রশংসা করবেন।
- দুজন স্বেচ্ছাসেবককে তাদের অনুভূতি সকলের সাথে ভাগ করতে বলা হবে এবং তাদের বক্তব্য শোনার পরে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বিশেষ চাহিদা সম্পন্ন শিশু, তাদের বন্ধু-বান্ধব ও অভিভাবকদের মধ্যে সংহতি বজায় রাখার গুরুত্ব সম্পর্কে আলোচনা করবেন।



১০ মিনিট

# সমাপনী মন্তব্য

প্রতিবন্ধকতা সম্পর্কে প্রচলিত ভ্রান্ত ধারণা ও তাদের যথার্থতা সম্পর্কে আজকের আলোচনা আমরা এখানেই শেষ করছি। আশা করি আপনারা প্রত্যেকে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও ব্যক্তিদের অন্তর্ভুক্তি সম্পর্কে একটি স্পষ্ট ধারণা পেয়েছেন এবং এই উদ্দেশ্যে দৃঢ় সংকল্প গ্রহণ করতে পেরেছেন।

আজকের আলোচনা আমাদের মনে করিয়ে দিয়েছে যে সমাজে প্রচলিত ভ্রান্ত ধারণাগুলি কীভাবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জীবনে ও তাদের পরিবারের উপর প্রভাব ফেলে। এই ভ্রান্ত ধারণাগুলি ভেঙ্গে দিয়ে আমরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য আরো গ্রহণযোগ্য ও সহায়ক পরিবেশ গড়ে তোলার দিকে এক ধাপ এগোতে পারি।

আসুন, প্রতিবন্ধকতা সম্পর্কিত ভ্রান্ত ধারণাগুলির বিরুদ্ধে রুখে দাঁড়াই, সমাজের মূলস্রোতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অন্তর্ভুক্তির পক্ষে কথা বলি, এবং একসাথে এমন একটি সমাজ গড়ে তুলি যেখানে দক্ষতা নির্বিশেষে সকল শিশুর মূল্য দেওয়া হবে এবং তাদের সমর্থন করা হবে।

আলোচনা সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য আপনাদের ধন্যবাদ জানাই। আজকের আলোচনা সভায় এসে আপনারা যা কিছু শিখেছেন ও জেনেছেন, সেগুলি আপনাদের অঞ্চলের অন্যান্য অধিবাসীদের জানাবেন। অন্তর্ভুক্তির লক্ষ্যে এইভাবে একসাথে কাজ করে আমরা সমাজে চিরস্থায়ী পরিবর্তন আনতে পারি।

# ফেব্রুয়ারি

## আলোচনার বিষয়ঃ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আইনি অধিকার, সরকারী যোজনা এবং সুযোগ-সুবিধা পাওয়ার পদ্ধতি




### আলোচনা সভার উদ্দেশ্য

- প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইন, ২০১৬ অনুযায়ী বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আইনগত অধিকার সম্পর্কে অভিভাবকদের সচেতন করা ও তাদের ক্ষমতা বৃদ্ধি করা যাতে তারা শিক্ষা ও সামাজিক ক্ষেত্রে নিজেদের সন্তানদের অধিকার সুনিশ্চিত করতে সক্রিয় ভূমিকা পালন করতে পারেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য যেসব সরকারি যোজনা ও সুবিধাগুলি রয়েছে, সেগুলি তারা কিভাবে পেতে পারে সেই সম্পর্কে অভিভাবকদের নির্দেশ প্রদান করা।

### প্রত্যাশিত ফলাফল

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য প্রযোজ্য আইনের মূল ধারাগুলি সম্পর্কে অভিভাবকরা অবগত হবেন
- অভিভাবকেরা বুঝতে পারবেন কিভাবে আইনের বিভিন্ন কাঠামো বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য সমান সুযোগ নিশ্চিত করেছে
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ সরকারি পরিষেবা ও সুযোগ-সুবিধাগুলি গ্রহণ করতে অভিভাবকেরা সক্ষম হবেন
- অভিভাবকেরা তাদের সন্তানদের অধিকার সুনিশ্চিত করার জন্য আত্মবিশ্বাস এবং ওকালতি করার দক্ষতা অর্জন করবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ০৫ মিনিট |
| বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার লঙ্ঘন ও তাদের প্রতি বৈষম্যমূলক আচরণ সম্পর্কে আলোচনা | ১০ মিনিট |
| প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইন, ২০১৬-এর প্রাসঙ্গিক ধারাগুলি নিয়ে আলোচনা | ২০ মিনিট |
| বিষয় উপযোগী কিছু কেস স্টাডি নিয়ে আলোচনা | ০৫ মিনিট (এখানে আরও সময় লাগতে পারে) |
| বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ সরকারি যোজনা ও সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচনা | ১৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ০৫ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে  বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন
- ফেব্রুয়ারি মাসের আলোচনা সভার কর্মসূচি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সামনে তুলে ধরবেন

৫ মিনিট

### বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার লঙ্ঘন ও তাদের প্রতি বৈষম্যমূলক আচরণ সম্পর্কে আলোচনা

- বাস্তব জীবনে শিশু অধিকার লঙ্ঘনের কিছু ঘটনা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের  উৎসাহিত করবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার লঙ্ঘনের ১ – ২টি ঘটনা বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেন যাতে তাদের মধ্যে শিশু অধিকার লঙ্ঘন সম্পর্কে ধারণা স্পষ্ট হয়
- অধিকার লঙ্ঘন এবং বৈষম্যমূলক আচরণ থেকে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের রক্ষা করার জন্য পৃথক আইনী ব্যবস্থার প্রয়োজনীয়তা সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন
- শিশু এবং প্রতিবন্ধকতাযুক্ত শিশু ও ব্যক্তিদের জন্য যেসব আইন প্রবর্তন করা হয়েছে সেগুলি সম্পর্কে অভিভাবকেরা তাদের ধারণাগুলি সকলের সামনে তুলে ধরবেন। এই আলোচনার মাধ্যমে আইনের কোন কোন বিষয়ে অভিভাবকদের মধ্যে সচেতনতার অভাব রয়েছে তা বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বুঝতে পারবেন এবং সেই বিষয়গুলির উপর তথ্য দেওয়ার জন্য মূল বিষয়ে আলোচনা শুরু করতে পারবেন।


১০ মিনিট


## প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইন, ২০১৬-এর প্রাসঙ্গিক ধারাগুলি নিয়ে আলোচনা

- ২০১৬ সালের প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের অধিকার আইনের মূখ্য ধারাগুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা ব্যাখ্যা করে অভিভাবকদের বুঝিয়ে দেবেন। বিশেষতঃ নিম্নলিখিত গুরুত্বপূর্ণ দিকগুলো তুলে ধরবেন


শিক্ষা


কর্মসংস্থান


সহজগম্যতা


বৈষম্যহীনতা

- আইনের যেসমস্ত ধারাগুলি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিদ্যালয়ে গিয়ে শিক্ষা গ্রহণের উপর প্রভাব ফেলে সেগুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা গুরুত্ব দিয়ে অভিভাবকদের বুঝিয়ে দেবেন
- অভিভাবকেরা আইন সংক্রান্ত যেসব প্রশ্ন উত্থাপন করবেন বা যেসব বিষয়ে স্পষ্ট ধারণা চাইবেন তার উপর ভিত্তি করেই বিশেষ শিক্ষক – শিক্ষিকারা মূল আলোচনা পরিচালিত করবেন

২০ মিনিট


## বিষয় উপযোগী কিছু কেস স্টাডি নিয়ে আলোচনা

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য কেন পৃথক আইন প্রয়োজন তা অভিভাবকদের বোঝানোর জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা স্থানীয় প্রেক্ষাপট থেকে ১-২টি কেস স্টাডি নিয়ে অভিভাবকদের সাথে আলোচনা করবেন

৫ মিনিট

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ সরকারি যোজনা ও সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচনা

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ সরকারী প্রকল্প / যোজনা ও সুযোগ-সুবিধাগুলি সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের ধারণা দেবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ শিক্ষার্থী-কেন্দ্রিক সুযোগ -সুবিধা (যেমন যন্ত্রপাতি ও সহায়ক সামগ্রী, এসকর্ট/পরিবহণ ভাতা, বৃত্তি/স্টাইপেন্ড, ব্রেইল ও বড় হরফের বই ইত্যাদি) সম্পর্কে অভিভাবকদের তথ্য দেওয়া হবে
- অন্যান্য গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক প্রকল্প ও সুযোগ -সুবিধা সম্পর্কেও বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সাথে তথ্য ভাগ করে নেবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে সহজে সরকারি প্রকল্প / যোজনা থেকে সুযোগ-সুবিধাগুলি পেতে পারে তার জন্য বিদ্যালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট সরকারী দপ্তরের ভূমিকা সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন




১৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত বিষয়গুলি থেকে অভিভাবকদের একটি পরিকল্পনা তৈরী করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উৎসাহ দেবেন যাতে আগামী মাসে সরকারী সুযোগ-সুবিধা পাওয়ার জন্য অভিভাবকেরা কিছু পদক্ষেপ গ্রহণ করতে পারেন এবং সুযোগ-সুবিধা না পাওয়া পর্যন্ত প্রচেষ্টা চালিয়ে যেতে পারেন

৫ মিনিট

## সমাপনী মন্তব্য

- আলোচনা সভায় আলোচিত মূখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার সুনিশ্চিত করার জন্য সক্রিয় পদক্ষেপ গ্রহণ করতে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।
- একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তোলার জন্য কিভাবে অভিভাবকেরা সচেতন পদক্ষেপ গ্রহণ করবেন এবং একসাথে এগিয়ে যাবেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি প্রেরণাদায়ক বার্তা দেবেন। এক্ষেত্রে তারা শিশুর অধিকার সুনিশ্চিত করতে একজন অভিভাবকের সফল প্রচেষ্টার গল্প অভিভাবকদের বলতে পারেন

# মার্চ

## আলোচনার বিষয়ঃ সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিবন্ধকতার ব্যবস্থাপনা



### আলোচনা সভার উদ্দেশ্য

- সেরিব্রাল পলসি ও তার বিভিন্ন প্রকারভেদ সম্পর্কে অভিভাবকদের বুঝতে সাহায্য করা
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের দৈনন্দিন জীবনযাপনের বিভিন্ন কার্যাবলী শেখানোর জন্য কি কি সহজ কৌশল গ্রহণ করা সম্ভব সেই সম্পর্কে অভিভাবকদের অবগত করা
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথভাবে বিভিন্ন সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহার করতে শেখানোর জন্য এবং শিশুর চাহিদা অনুযায়ী সেইসব সরঞ্জামে কিভাবে পরিবর্তন আনা যায় সেই বিষয়ে অভিভাবকদের নির্দেশ দেওয়া
- দৈনন্দিন কাজকর্ম পরিচালনা করার ক্ষেত্রে সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের স্বাধীনতা বৃদ্ধির জন্য অভিভাবকেরা কিভাবে কার্যকরী নির্দেশনামূলক কৌশল ব্যবহার করতে পারেন সেই সম্পর্কে অভিভাবকদের ক্ষমতা বৃদ্ধি করা।

### প্রত্যাশিত ফলাফল

- সেরিব্রাল পলসি এবং কিভাবে এই প্রতিবন্ধকতা শিশুর বিকাশকে প্রভাবিত করে সেই সম্পর্কে অভিভাবকেরা জানতে পারবেন
- অভিভাবকেরা দৈনন্দিন জীবনযাত্রার বিভিন্ন কার্যকলাপ সম্পাদনে তাদের সন্তানকে সহায়তা করার জন্য ধাপে ধাপে কার্য বিশ্লেষণ করতে সক্ষম হবেন
- অভিভাবকেরা তাদের সন্তানের চাহিদা অনুযায়ী সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামে পরিবর্তন করতে পারবেন এবং সেইসব যন্ত্রপাতির সঠিক ব্যবহারে শিশুদের সহায়তা করতে পারবেন
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে স্বাধীনভাবে দৈনন্দিন জীবনের কাজকর্ম সম্পাদন করতে পারে তার জন্য অভিভাবকেরা প্রয়োজনীয় নির্দেশ দিতে এবং তাদের উৎসাহিত করতে শুরু করবেন।

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ০৫ মিনিট |
| সেরিব্রাল পলসি সম্পর্কে ধারণা তৈরী করা | ১০ মিনিট |
| সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল এবং কার্য বিশ্লেষণ প্রক্রিয়া সম্পর্কে আলোচনা ও প্রদর্শণ | ১৫ মিনিট |
| সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামের ব্যবহার সম্পর্কে আলোচনা, শিশুর চাহিদা অনুযায়ী সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামে পরিবর্তন করার কৌশল সম্পর্কে আলোচনা | ১০ মিনিট |
| শিক্ষামূলক কৌশলের ব্যবহার এবং শিশুদের সামাজিকীকরণের ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা সম্পর্কে আলোচনা | ১৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং অভিভাবকদের প্রতিক্রিয়া সংগ্রহ | ০৫ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে নতুন বিষয় জানার ও শেখার উপযুক্ত পরিবেশ তৈরী করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন।
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের দৈনন্দিন কাজকর্ম পরিচালনা করার ক্ষেত্রে অভিভাবকেরা যেসব সমস্যার সম্মুখীন হন তার মধ্যে থেকে যেকোন একটি সমস্যা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভার উদ্দেশ্যগুলির একটি সংক্ষিপ্ত বিবরণ দেবেন

৫ মিনিট

### সেরিব্রাল পলসি সম্পর্কে ধারণা তৈরী করা

- ভিডিও এবং বিভিন্ন দৃশ্যমান বস্তু দেখিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা সেরিব্রাল পলসি কি তা সহজ ভাষায় ব্যাখ্যা করবেন
- সেরিব্রাল পলসির সম্ভাব্য কারণ, লক্ষণ এবং কিভাবে এই প্রতিবন্ধকতা শিশুদের চলাফেরা, শেখা এবং বিভিন্ন বিষয় সমন্বয় করার ক্ষমতাকে প্রভাবিত করে সেই সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা করবেন
- **দলগত আলোচনাঃ** সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা দৈনন্দিন জীবনে কি কি সমস্যার সম্মুখীন হয় সেই সম্পর্কে নিজস্ব অভিজ্ঞতা সকলের সাথে ভাগ করে নেওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন। অভিভাবকেরা দলগতভাবে যেসব সমস্যার কথা বলবেন তার মধ্যে থেকেই বিশেষ শিক্ষক-শিক্ষিকারা মূখ্য কয়েকটি বিষয় নির্বাচন করে সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে আলোচনা শুরু করার উপযুক্ত পরিবেশ গড়ে তুলবেন।

১০ মিনিট

## সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল এবং কার্য বিশ্লেষণ প্রক্রিয়া সম্পর্কে আলোচনা ও প্রদর্শণ

অভিভাবকেরা বাড়িতে সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার জন্য কি কি কৌশল গ্রহণ করতে পারেন এবং কিভাবে কার্য বিশ্লেষণ প্রক্রিয়ার মাধ্যমে তাদের সন্তানদের দৈনন্দিন জীবনের বিভিন্ন কার্যাবলী শেখাতে পারেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা করবেন এবং উপযোগী কৌশলগুলি প্রদর্শণ করে দেখাবেন।

**কার্য বিশ্লেষণ প্রক্রিয়া: দাঁত মাজা**

- কার্য বিশ্লেষণ প্রক্রিয়ায় অভিভাবকেরা কিভাবে তাদের সন্তানদের দাঁত মাজা শেখাবেন সেই পদ্ধতি বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ধাপে ধাপে প্রদর্শণ করে দেখাবেনঃ



1. ব্রাশ এবং টুথপেস্ট সনাক্তকরণ
2. নির্ধারিত স্থান থেকে ব্রাশ এবং টুথপেস্ট নেওয়া
3. ব্রাশটি সঠিকভাবে ধরে রাখা
4. ব্রাশে টুথপেস্ট লাগানো
5. ব্রাশটি মুখের কাছে আনা
6. ডানদিক থেকে বাঁদিকে ব্রাশ করা
7. বাঁদিক থেকে ডানদিকে ব্রাশ করা
8. উপর নিচে ব্রাশ করা
9. সঠিক জায়গায় থুতু ফেলা
10. মুখ ধোয়ার জন্য জলের কল খোলা
11. মুখ ধুয়ে ফেলা
12. চোখ এবং মুখ পরিষ্কার করা
13. জলের কল বন্ধ করা
14. তোয়ালে দিয়ে মুখ মোছা
15. ব্রাশ এবং টুথপেস্ট সঠিক জায়গায় রাখা



- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা উপরোক্ত ধাপগুলি বাড়িতে সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নির্দেশ দেওয়ার সময় অনুশীলন করার জন্য অভিভাবকদের উৎসাহিত করবেন।

১৫ মিনিট

## সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামের ব্যবহার সম্পর্কে আলোচনা

- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা সাধারণত যেসব সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহার করে (যেমন – শিশুর চাহিদা অনুযায়ী পরিবর্তিত পাত্র, বসার জন্য বিশেষভাবে প্রস্তুত উপকরণ ইত্যাদি) সেইসব উপকরণের ছবি দেখিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা করবেন এবং কিছু উপকরণ ব্যবহার করার পদ্ধতি প্রদর্শণ করে দেখাবেন।
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যখন বাড়িতে সহকারী যন্ত্রপাতি ব্যবহার করবে তখন অভিভাবকেরা কিভাবে তাদের সহায়তা করবেন সেই সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা নির্দেশ দেবেন।

### শিশুর চাহিদা অনুযায়ী সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামে পরিবর্তন করার কৌশল সম্পর্কে আলোচনা

- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যক্তিগত চাহিদা অনুযায়ী বিভিন্ন সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামে পরিবর্তন আনার প্রয়োজনীয়তা সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা শুরু করবেন।
- বিভিন্ন সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামে যেধরণের পরিবর্তন করার প্রয়োজন হয়, তা কয়েকটি উদাহরণ দিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের বুঝিয়ে দেবেন, যেমনঃ
  - দৃঢ়ভাবে ধরতে শেখানোর জন্য চিরুনির হাতলের পরিবর্তন করা
  - দেহের ভারসাম্য এবং বসার ভঙ্গি উন্নত করার জন্য চেয়ারে পরিবর্তন করা
  - সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে সহজে শৌচালয় ব্যবহার করতে পারে এবং তাদের নিরাপত্তা বজায় থাকে,তার জন্য শৌচালয়ে বসার জায়গায় পরিবর্তন করা




- অভিভাবকেরা বাড়িতে সহকারী যন্ত্রপাতি ও সরঞ্জামে কি ধরণের পরিবর্তন করতে পারবেন সে সম্পর্কে আলোচনা করবেন

১০ মিনিট

## শিক্ষামূলক কৌশলের ব্যবহার এবং শিশুদের সামাজিকীকরণের ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা সম্পর্কে আলোচনা

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা নিম্নলিখিত বিষয়গুলির উপর আলোচনা করবেনঃ
  - অভিভাবকেরা কিভাবে স্পষ্ট ও সহজ ভাষা ব্যবহার করে ধাপে ধাপে তাদের সন্তানদের নির্দেশ দেবেন
  - সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিজস্ব দক্ষতা অনুযায়ী বিভিন্ন কার্যাবলী সম্পাদন করতে দেওয়ার গুরুত্ব
  - অন্যান্য শিশুদের সাথে সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মেলামেশা করার জন্য উৎসাহিত করা
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে স্বাধীনভাবে জীবনযাপন করার দক্ষতা বৃদ্ধিতে অভিভাবক / প্রাথমিক যত্ন-প্রদানকারীদের ভূমিকা সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের মধ্যে ধারণা তৈরী করবেন

১৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং অভিভাবকদের প্রতিক্রিয়া সংগ্রহ

- আলোচনা সভায় আলোচিত মূখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের সামনে তুলে ধরবেন।
- আলোচনা সভায় যেসব বিষয় আলোচনা করা হয়েছে তার মধ্যে কোন বিষয়টি অভিভাবকদের সবথেকে কার্যকর/উপযোগী বলে মনে হয়েছে এবং কোন বিষয়ে তাদের মধ্যে উদ্বেগ আছে তা সকলকে জানানোর জন্য উৎসাহিত করতে হবে।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।
- অলোচনা সভা থেকে শেখা কোন একটি বিষয় বাড়িতে বাস্তবায়িত করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন।


৫ মিনিট

## সমাপনী মন্তব্য

- আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার এবং বিভিন্ন কার্যাবলীতে নিযুক্ত হওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের প্রশংসা করবেন
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য রুটিন এবং ধাপে ধাপে শেখা কতখানি গুরুত্বপূর্ণ তার ওপর জোর দিতে হবে
- সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অগ্রগতির জন্য বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, বিশেষ শিক্ষক-শিক্ষিকা এবং থেরাপিস্টদের সহযোগিতা করার জন্য এবং যৌথভাবে কাজ করার জন্য অভিভাবকদের উৎসাহিত করতে হবে
- সন্তানের ভবিষ্যত গড়ে তোলার জন্য অভিভাবকদের নিষ্ঠা এবং সকল প্রচেষ্টার প্রশংসা করে এবং সকল অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভা সমাপ্ত করবেন।

# এপ্রিল

## আলোচনার বিষয়ঃ অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিবন্ধকতার ব্যবস্থাপনা



### আলোচনা সভার উদ্দেশ্য

- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার, তার বৈশিষ্ট্য এবং প্রাথমিক লক্ষণ সম্পর্কে অভিভাবকদের বুঝতে সাহায্য করা
- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবহারিক ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে অভিভাবকদের অবগত করা এবং তাদের সন্তানের বিকাশে সহায়ক হিসাবে অভিভাবকদের ভূমিকা সম্পর্কে স্পষ্ট ধারণা তৈরী করা

### প্রত্যাশিত ফলাফল

- অভিভাবকেরা অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার, তার বৈশিষ্ট্য এবং প্রাথমিক লক্ষণ সম্পর্কে জানতে পারবেন
- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য একটি কাঠামোগত রুটিন প্রস্তুত করতে এবং শিশুদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ধরনের থেরাপি করার ক্ষেত্রে অভিভাবকেরা আত্মবিশ্বাস অর্জন করবেন
- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সামগ্রিক বিকাশের জন্য অভিভাবকেরা বিশেষ শিক্ষক-শিক্ষিকা এবং বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করার ক্ষমতা অর্জন করবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ০৫ মিনিট |
| অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার সম্পর্কে (সংজ্ঞা, বৈশিষ্ট্য এবং প্রাথমিক লক্ষণ) ধারণা তৈরী করা | ১৫ মিনিট |
| অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে আলোচনাঃ<br>• শিশুদের সংবেদনশীল এবং আচরণগত সমস্যাগুলি বোঝা<br>• দৈনন্দিন কার্যকলাপ শেখানোর জন্য কার্য বিশ্লেষণ পদ্ধতি অবলম্বন করার প্রক্রিয়া সম্পর্কে জানা | ১৫ মিনিট |
| শিখন-শিক্ষণ উপকরণ এবং সহায়ক যন্ত্রপাতির ব্যবহার | ১০ মিনিট |
| অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার সম্পর্কিত গৌণ সমস্যাগুলি প্রতিরোধের উপায় | ০৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং অভিভাবকদের প্রতিক্রিয়া সংগ্রহ | ১০ মিনিট |

# নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

## পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে নতুন বিষয় জানার ও শেখার উপযুক্ত পরিবেশ তৈরী করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন।
- এই কার্যাবলীতে অভিভাবকদের উৎসাহিত করতে হবে যাতে তারা তাদের সন্তানদের আচরণ এবং বিভিন্ন বিষয় শেখার সাথে সম্পর্কযুক্ত কোন পর্যবেক্ষণ, বা তাদের অভিজ্ঞতা, এবং উদ্বেগের কথা সকলের সামনে তুলে ধরেন।
- আগের মাসের আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।

৫ মিনিট

## অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার সম্পর্কে ধারণা তৈরী করা

- বাস্তব জীবনের বিভিন্ন উদাহরণ ব্যবহার করে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সহজ ভাষায় অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার কি তা ব্যাখ্যা করবেন
- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত একটি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর দৈনন্দিন জীবন সম্পর্কে ধারণা তৈরী করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের একটি ভিডিও দেখাতে পারেন অথবা গল্প বলতে পারেন

**বিশেষ শিক্ষক – শিক্ষিকারা এরপর অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারের প্রাথমিক লক্ষণগুলি সম্পর্কে আলোচনা করবেন**



যোগাযোগ স্থাপনে অসুবিধা



সমাজে মেলামেশার ক্ষেত্রে অসুবিধা



একই আচরণের পুনরাবৃত্তি

- কার্যাবলীঃ বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের বিভিন্ন ছবি ও কেস স্টাডি থেকে অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারের বৈশিষ্ট্যগুলি সনাক্ত করতে নির্দেশ দেবেন

১৫ মিনিট

## অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল

### শিশুদের সংবেদনশীল এবং আচরণগত সমস্যাগুলি বোঝাঃ

কার্যাবলীঃ অভিভাবকেরা "সেনসরি ওয়াক" কার্যাবলীতে অংশগ্রহণ করবেন এবং বিভিন্ন সংবেদনশীল উদ্দীপনা অনুভব করার মাধ্যমে তারা স্পর্শ, আলো এবং শব্দের পরিপ্রেক্ষিতে তাদের সন্তানদের সংবেদনশীলতা সম্পর্কে বুঝতে পারবেন

### কার্য বিশ্লেষণ প্রক্রিয়া সম্পর্কে ধারণা তৈরী করাঃ

বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উদাহরণ দিয়ে অভিভাবকদের কার্য বিশ্লেষণ প্রক্রিয়ার বিভিন্ন ধাপ সম্পর্কে বুঝতে সাহায্য করবেন।

অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত একটি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুকে চুল আঁচড়ানো শেখানোর জন্য এই প্রক্রিয়াটিকে ছোট ছোট ধাপে ভাগ করে নিতে হবে, যেমন –

- ✓ হাত দিয়ে চিরুনি ধরা
- ✓ চিরুনি মাথার কাছে তুলে ধরা
- ✓ বিভিন্ন দিকে চিরুনি ঘুরিয়ে চুল আঁচড়ানো
- ✓ চিরুনিটি সঠিক স্থানে রেখে দেওয়া

হাতে-কলমে কাজঃ সম্পদ কক্ষে উপস্থিত একজন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুকে অভিভাবকেরা চুল আঁচড়ানো সম্পর্কে যত্নসহকারে নির্দেশ দেবেন এবং ধাপে ধাপে কাজটি সম্পন্ন করবেন। প্রয়োজনে তারা কোন বস্তু বা বস্তুর ছবি ব্যবহার করে শিশুটিকে নির্দেশ দেবেন।

বিশেষ শিক্ষক – শিক্ষিকারা এরপর অভিভাবকদের দৈনন্দিন জীবনের অন্য একটি কার্যকলাপের কার্য বিশ্লেষণ করার জন্য উৎসাহিত করবেন এবং এই কার্যাবলী পর্যবেক্ষণ করে প্রয়োজনমত নির্দেশ দেবেন।

### মাতা-পিতা এবং প্রাথমিক যত্ন প্রদানকারীদের ভূমিকা

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য একটি কাঠামোগত রুটিন প্রস্তুত করার এবং বজায় রাখার গুরুত্ব সম্পর্কে অভিভভাবকদের সাথে আলোচনা করবেন

- অভিভাবকেরা একটি রোল প্লে -তে অংশগ্রহণ করবেন এবং কিভাবে তাদের সন্তানদের সহজ এবং স্পষ্ট ভাষায় নির্দেশ দেবেন তা অনুশীলন করবেন

১৫ মিনিট


## শিখন-শিক্ষণ উপকরণ এবং সহায়ক যন্ত্রপাতির ব্যবহার

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ছবি বিনিময়ের মাধ্যমে যোগাযোগ স্থাপনের প্রক্রিয়া, দৃশ্যমান সময়সূচীর ব্যবহার এবং সমাজ জীবন সম্পর্কিত বিভিন্ন গল্প বলার প্রক্রিয়া অভিভাবকদের সামনে প্রদর্শন করবেন
- সহজলভ্য শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করে অভিভাবকেরা কিভাবে তাদের সন্তানদের সাথে যোগাযোগ স্থাপন করবেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা করবেন
- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উপযোগী সহায়ক যন্ত্রপাতি (যেমন – শিশুর সংবেদনশীলতার জন্য উপযোগী খেলনা, পরিবর্তিত বাসনপত্র ইত্যাদি) সম্পর্কে আলোচনার মাধ্যমে অভিভাবকদের সেইসব যন্ত্রপাতির ব্যবহার সম্পর্কে অবগত করতে হবে
- বাড়িতে বিভিন্ন সহায়ক উপকরণ এবং যন্ত্রপাতিতে অভিভাবকেরা কিভাবে সহজ পদ্ধতিতে পরিবর্তন করতে পারেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা নির্দেশ দেবেন

১০ মিনিট

## অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার সম্পর্কিত গৌণ সমস্যাগুলি প্রতিরোধের উপায়

- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার সম্পর্কিত সাধারণ গৌণ সমস্যাগুলি (যেমন – ঘুমের সমস্যা, উদ্বেগ, মনোযোগ সম্পর্কিত সমস্যা ও অতিসক্রিয়তা, গ্যাস্ট্রোইনটেসটিনাল সমস্যা ইত্যাদি) সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেন
- উপরোক্ত গৌণ সমস্যাগুলি অভিভাবকেরা কিভাবে খাদ্যাভ্যাস, শরীরচর্চা এবং রুটিন প্রস্তুত করার মাধ্যমে প্রতিরোধ করতে পারেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা করবেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা একটি তালিকা প্রস্তুত করে অভিভাবকদের "করণীয় এবং বর্জনীয়" কার্যাবলী সম্পর্কে ধারণা দেবেন যাতে তারা শিশুর সাথে কোন কারণে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কিভাবে তাদের প্রতিক্রিয়া জানবেন সেই বিষয়ে অবগত হন




৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং অভিভাবকদের প্রতিক্রিয়া সংগ্রহ

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের সামনে তুলে ধরবেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের যেকোন একটি গুরুত্বপূর্ণ আলোচিত বিষয় সম্পর্কে বলতে বলবেন এবং বাড়িতে তারা যাতে একটি কার্যকর পদক্ষেপ নিতে পারেন তার জন্য উৎসাহিত করবেন।
- প্রশ্ন-উত্তর পর্বঃ বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং কোন বিষয়ে অভিভাবকদের সন্দেহ থাকলে তা স্পষ্ট করবেন
- আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য এবং সন্তানের ভবিষ্যত গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ হওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে আলোচনা সভা সমাপ্ত করবেন।

১০ মিনিট

# মে

## আলোচনার বিষয়ঃ বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতিবন্ধকতার ব্যবস্থাপনা



### আলোচনা সভার উদ্দেশ্য

- বৌদ্ধিক প্রতিবন্ধকতা কি এবং কিভাবে এই প্রতিবন্ধকতা শিশুর বিকাশকে প্রভাবিত করে তা অভিভাবকদের বুঝতে সাহায্য করা
- বাড়িতে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পরিচালনার জন্য উপযুক্ত ব্যবহারিক কৌশল সম্পর্কে অভিভাবকদের অবগত করা
- বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিভিন্ন বিষয় শিখতে এবং স্বাধীনভাবে জীবনযাপন করার জন্য প্রস্তুত করতে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করার ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকার উপর জোর দেওয়া

### প্রত্যাশিত ফলাফল

- অভিভাবকেরা বৌদ্ধিক প্রতিবন্ধকতা, তার সম্ভাব্য কারণ, বৈশিষ্ট্য এবং প্রাথমিক লক্ষণ সম্পর্কে জানতে পারবেন
- বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা বাড়িতে, বিদ্যালয়ে এবং সমাজে কি ধরণের সমস্যার সম্মুখীন হয়, সেই বিষয়ে অভিভাবকেরা অবগত হবেন
- অভিভাবকেরা কিছু সহজ ব্যবস্থাপনার কৌশল শিখবেন যাতে তারা তাদের সন্তানদের নিজের যত্ন নিতে, পাঠ্যক্রমিক ও সহ-পাঠ্যক্রমিক দক্ষতা এবং সামাজিক দক্ষতা অর্জন করতে সহায়তা করতে পারেন
- বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সাথে সহযোগিতা করার ক্ষেত্রে অভিভাবকেরা আরও আত্মবিশ্বাসী হয়ে উঠবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব  এবং বিষয় পরিচিতি | ০৫ মিনিট |
| বৌদ্ধিক প্রতিবন্ধকতা সম্পর্কে ধারণা তৈরী করা | ১০ মিনিট |
| বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে আলোচনা | ২০ মিনিট |
| শিখন-শিক্ষণ উপকরণের ব্যবহার | ০৫ মিনিট |
| বৌদ্ধিক প্রতিবন্ধকতা সম্পর্কিত গৌণ সমস্যাগুলি প্রতিরোধের উপায় | ০৫ মিনিট |
| বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিভিন্ন বিষয় শেখার জন্য সহযোগিতা করার ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা | ০৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং অভিভাবকদের প্রতিক্রিয়া সংগ্রহ | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক/শিক্ষিকারা অভিভাবকদের অভ্যর্থনা করবেন এবং স্বাগত জানাবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন।
- আগের মাসের আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।

৫ মিনিট

### বৌদ্ধিক প্রতিবন্ধকতা সম্পর্কে ধারণা তৈরী করা

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সহজ ভাষায় বৌদ্ধিক প্রতিবন্ধকতা কি তা ব্যাখ্যা করবেন
- বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর দৈনন্দিন জীবন সম্পর্কে ধারণা তৈরী করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের একটি ভিডিও দেখাতে পারেন অথবা গল্প বলতে পারেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বৌদ্ধিক প্রতিবন্ধকতা সম্পর্কিত ভ্রান্ত ধারণাগুলি নিয়ে অভিভাবকদের সাথে আলোচনা করবেন এবং গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সেই ভ্রান্ত ধারণাগুলি ভাঙার চেষ্টা করবেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বৌদ্ধিক প্রতিবন্ধকতার বিভিন্ন প্রকার / ধরণ (মৃদু / মাঝারি /  তীব্র / গভীর) সম্পর্কে অভিভাবকদের সাথে আলোচনা করবেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা চার্ট বা ফ্ল্যাশকার্ড ব্যবহার করে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সমস্যাগুলি ব্যাখ্যা করবেনঃ
    - যুক্তি দিয়ে কোন বিষয় বোঝানোর ক্ষেত্রে অসুবিধা
    - স্মৃতিশক্তি, মনোযোগ, যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে অসুবিধা
    - নিজের যত্ন নেওয়ার ক্ষেত্রে অসুবিধা

১০ মিনিট

## বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে আলোচনা

**দৈনন্দিন কাজগুলিকে সহজ ধাপে ভাগ করা**

বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উদাহরণ দিয়ে অভিভাবকদের কার্য বিশ্লেষণ প্রক্রিয়ার বিভিন্ন ধাপ সম্পর্কে বুঝতে সাহায্য করবেন।

কার্য বিশ্লেষণ প্রক্রিয়া ব্যবহার করে শৌচালয়ে যাওয়ার রুটিনকে ছোট ছোট এবং পরিচালনা করার উপযোগী ধাপে ভাগ করতে হবে, যেমন -

1. শৌচালয়ে যেতে হবে
2. শৌচালয়ের ভিতরে গিয়ে জামা-কাপড় খুলতে হবে
3. শৌচকার্য করার জায়গায় বসতে হবে
4. শৌচকার্য করার পর পরিষ্কার হতে হবে এবং হাত-পা মুছে নিতে হবে
5. শৌচকার্য করার জায়গাটি পরিষ্কার করতে হবে
6. জামা-কাপড় পড়ে নিতে হবে
7. সাবান দিয়ে হাত ধুতে হবে
8. হাত মুছে নিতে হবে বা শুকিয়ে নিতে হবে
9. শুকনো হাত

বিশেষ শিক্ষক – শিক্ষিকারা এরপর অভিভাবকদের দৈনন্দিন জীবনের অন্য একটি কার্যকলাপের কার্য বিশ্লেষণ করার জন্য উৎসাহিত করবেন এবং তারা সঠিকভাবে কার্য বিশ্লেষণ করতে পারছেন কি না তা নিরীক্ষণ করবেন।

বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের রুটিন শেখানোর সময় বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের একই ভাষা বারবার ব্যবহার করার নির্দেশ দেবেন।

**হাতে-কলমে প্রদর্শণ**

বিশেষ শিক্ষক – শিক্ষিকারা নিম্নলিখিত বিষয়গুলি প্রদর্শণ করে অভিভাবকদের বুঝিয়ে দেবেন:

- পুতুল, মডেল বা দৃশ্যমান কোন বস্তু ব্যবহার করে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের রুটিন অনুকরণ করার পদ্ধতি দেখাবেন
- প্রতিটি ধাপ শিশুদের স্পষ্টভাবে বুঝিয়ে দিতে হবে এবং ধীরে ধীরে অনুশীলন করাতে হবে যাতে তারা প্রতিটি কাজ সঠিকভাবে সম্পন্ন করতে পারে
- হাতে-কলমে প্রদর্শণ করার পর বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের ধাপে ধাপে রুটিন পরিচালনা করার অনুশীলন করাবেন

**উৎসাহ প্রদান করে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্ষমতা বৃদ্ধি করা**

- মৌখিক প্রশংসা করুন, যেমন – "শৌচালয়ে যাওয়াটা খুব ভাল হয়েছে"
- ছোট ছোট পুরস্কার দেওয়া যেতে পারে, যেমন – স্টিকার বই দিতে পারেন অথবা শিশুদের পছন্দের কোন কাজে যুক্ত করতে পারেন
- প্রতিটি ধাপে শিশুদের অগ্রগতি হলে তা উদযাপন করুন, এক্ষেত্রে কাজটির সব ক্রম সম্পন্ন নাও হতে পারে

**দৃশ্যমান ক্রম বা সময়সূচী**

- শৌচালয়ে যাওয়ার রুটিনের প্রতিটি ধাপ ছবি সহ ক্রমানুসারে সাজানোর জন্য অভিভাবকদের উৎসাহিত করতে হবে
- শৌচালয়ে শিশুর চোখের সমান উচ্চতায় এই দৃশ্যমান ক্রম রাখতে হবে
- শিশুকে স্বাধীনভাবে অথবা অভিভাবকদের সহায়তা নিয়ে ধাপে ধাপে দৃশ্যমান ক্রমটি অনুসরণ করতে উৎসাহিত করতে হবে



**স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্যকর অভ্যাস**

বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে স্বাস্থ্যকর অভ্যাস গড়ে তোলার জন্য কি কি করণীয় সেই বিষয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেন।



খাবার খাওয়ার আগে, শৌচালয়ে যাওয়ার পরে এবং বাইরে খেলাধূলার পরে শিশুদের সবান দিয়ে হাত ধুয়ে দিতে হবে



নরম ব্রিস্টলযুক্ত ব্রাশ অথবা পরিবর্তিত স্পঞ্জ ব্যাবহার করে দাঁত মাজার কৌশল বিশেষ শিক্ষক – শিক্ষিকারা প্রদর্শণ করে অভিভাবকদের দেখিয়ে দেবেন



শৌচালয় ব্যবহার করার স্বাস্থ্যবিধি অভিভাবকদের সাথে আলোচনা করবেন



দৃশ্যমান ক্রম ব্যবহার করে অভিভাবকেরা মাসিক সংক্রান্ত স্বাস্থ্যবিধি শিশুদের কিভাবে বোঝাবেন তা বিশেষ শিক্ষক – শিক্ষিকারা ব্যাখ্যা করে দেবেন



অভিভাবকেরা জামা-কাপড় খোলা-পড়া এবং বেছে নেওয়ার কাজে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিযুক্ত করতে পারেন

২০ মিনিট

## শিখন-শিক্ষণ উপকরণের ব্যবহার

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ফ্ল্যাশকার্ড, ম্যাচিং গেম এবং পাজলের ব্যবহার প্রদর্শণ করে অভিভাবকদের এই উপকরণগুলির ব্যবহার সম্পর্কে বুঝিয়ে দেবেন
- বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের রঙ অথবা বস্তুর আকার সনাক্ত করতে শেখানোর পদ্ধতিটি অভিভাবকদের ১-২টি শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করে দেখানোর জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা উৎসাহিত করবেন। এক্ষেত্রে একজন অভিভাবক শিশুর ভূমিকা পালন করতে পারেন।
- সহজলভ্য উপকরণ ব্যবহার করে অভিভাবকেরা কিভাবে বাড়িতে বিভিন্ন শিখন-শিক্ষণ উপকরণ প্রস্তুত করতে পারেন সেই বিষয়ে উদাহরণ দিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বুঝিয়ে দেবেন

৫ মিনিট

## বৌদ্ধিক প্রতিবন্ধকতা সম্পর্কিত গৌণ সমস্যাগুলি প্রতিরোধের উপায়

- বৌদ্ধিক প্রতিবন্ধকতা সম্পর্কিত সাধারণ গৌণ সমস্যাগুলি (যেমন - সামাজিকভাবে বিচ্ছিন্ন হওয়া, আত্মসম্মানবোধ কম থাকা এবং আচরণগত সমস্যা ইত্যাদি) সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেন
- উপরোক্ত সমস্যাগুলি সমাধানের কৌশল সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেনঃ

| | | |
|---|---|---|
| শিশুকে দলগত কার্যাবলীতে নিযুক্ত করতে হবে | শিশুর কার্যকলাপের প্রশংসা করতে হবে | সহজ এবং উৎসাহব্যঞ্জক ভাষায় শিশুর সাথে যোগাযোগ স্থাপন করতে হবে |

৫ মিনিট

## বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিভিন্ন বিষয় শেখার জন্য সহযোগিতা করার ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা

- বাড়িতে অভিভাবকেরা যাতে ধারাবাহিকভাবে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে আলোচনা সভায় আলোচিত বিভিন্ন কার্যাবলীর বাস্তবায়ন করেন তার উপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা জোর দেবেন
- অভিভাবকেরা স্পষ্ট ভাষা ব্যবহার করে ধাপে ধাপে কাজ সম্পন্ন করার জন্য শিশুদের নির্দেশ দেবেন এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গী নিয়ে তাদের ক্ষমতা বৃদ্ধির চেষ্টা করবেন
- বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, বিশেষ শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকেরা কিভাবে বৌদ্ধিক প্রতিবন্ধকতাযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য দৈনন্দিন শিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করতে পারেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ধারণা দেবেন

৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং অভিভাবকদের প্রতিক্রিয়া সংগ্রহ

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের সামনে তুলে ধরবেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের যেকোন একটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করে বাড়িতে তার বাস্তবায়ন করার জন্য উৎসাহিত করবেন। আলোচনা সভার শেষে অভিভাবকেরা সেই কার্যকর পদক্ষেপ সম্পর্কে সকলকে জানাবেন।
- প্রশ্ন-উত্তর পর্বঃ বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং কোন বিষয়ে অভিভাবকদের সন্দেহ থাকলে তা স্পষ্ট করবেন
- আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের কৃতজ্ঞতা জানাবেন এবং প্রতিদিন তাদের সন্তানদের সাথে বিভিন্ন ধরণের কার্যাবলী বজায় রাখার জন্য উৎসাহ দেবেন।

১০ মিনিট

# জুন

## আলোচনার বিষয়ঃ স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা থেকে শিশুর চাহিদা সম্পর্কে জানা এবং তার অগ্রগতি নিরীক্ষণ করা



### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য প্রস্তুত স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা এবং তার গুরুত্ব সম্পর্কে বুঝতে অভিভাবকদের সাহায্য করা
- বাড়িতে অভিভাবকেরা যাতে সঠিক ও কার্যকরভাবে বিভিন্ন শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করতে পারেন তার প্রশিক্ষণ দেওয়া
- স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা অনুযায়ী বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অগ্রগতি হচ্ছে কিনা তা বাড়িতে নিরীক্ষণ করার জন্য অভিভাবকদের প্রয়োজনীয় সরঞ্জাম ও কৌশল সম্পর্কে অবগত করা
- শিশুর সামগ্রিক বিকাশের জন্য বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করার মনোভাব অভিভাবকদের মধ্যে গড়ে তোলা

### প্রত্যাশিত ফলাফল

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের শিক্ষার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য তাদের অভিভাবকেরা স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনার যথাযথ ব্যাখ্যা এবং ব্যবহার করতে সক্ষম হবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে শিক্ষার ক্ষেত্রে ভাল ফলাফল করতে পারে তার জন্য অভিভাবকেরা বিভিন্ন শিখন-শিক্ষণ উপকরণ কার্যকরভাবে ব্যবহার করার বাস্তব অভিজ্ঞতা অর্জন করবেন
- স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা অনুযায়ী বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অগ্রগতি নিরীক্ষণ করার জন্য অভিভাবকেরা সহজ পর্যবেক্ষন পদ্ধতি প্রস্তুত করতে সক্ষম হবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের শিক্ষা গ্রহণের যাত্রা সম্পূর্ণ করার ক্ষেত্রে বিভিন্ন অংশীদারদের সাথে সহযোগিতা করার গুরুত্ব অভিভাবকেরা বুঝতে পারবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা থেকে শিশুর চাহিদা সম্পর্কে ধারণা তৈরী করা | ১৫ মিনিট |
| বিভিন্ন শিখন-শিক্ষণ উপকরণের ব্যবহার (প্রদর্শন ও অনুশীলন) | ১৫ মিনিট |
| স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা অনুযায়ী শিশুদের অগ্রগতি নিরীক্ষণ করা | ১০ মিনিট |
| বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করার গুরুত্ব | ০৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ০৫ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব  এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে নতুন বিষয় জানার ও শেখার উপযুক্ত পরিবেশ তৈরী করবেন। আনুষ্ঠানিকভাবে আলোচনা শুরু করার আগে তারা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের স্বাস্থ্য সম্পর্কে অভিভাবকদের সাথে কথোপকথন শুরু করতে পারেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকা এবং অভিভাবকেরা অর্ধবৃত্তাকারে বসতে পারেন যাতে অধিবেশন চলাকালীন একে-অপরের সাথে সহজেই আলোচনা করতে পারেন
- আগের মাসের আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন।
- এরপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়বস্তু অর্থাৎ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা প্রস্তুত করতে এবং তা বাস্তবায়িত করতে অভিভাবকরা কিভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন সেই সম্পর্কে আলোচনা শুরু করবেন।

১০ মিনিট

### স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা থেকে শিশুর চাহিদা সম্পর্কে ধারণা তৈরী করা

- বিশেষ শিক্ষক/ শিক্ষিকা স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনার একটি নমুনা দেখিয়ে অভিভাবকদের এই পরিকল্পনার কাঠামো ব্যাখ্যা করবেন।
  - স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা প্রস্তুত করার প্রক্রিয়াটি বিশেষ শিক্ষক/ শিক্ষিকা প্রদর্শন করে অভিভাবকদের বুঝিয়ে দেবেন এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর চাহিদা ও শক্তির জায়গাগুলি চিহ্নিত করার ক্ষেত্রে অভিভাবকদের ভূমিকা সম্পর্কে আলোচনা করবেন।
  - অভিভাবকেরা কিভাবে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী লক্ষ্য নির্ধারণ করতে বিশেষ শিক্ষক/ শিক্ষিকাদের সাহায্য করতে পারেন সেই বিষয়টি ব্যাখ্যা করবেন
- **দলগত আলোচনাঃ** বিশেষ শিক্ষক/ শিক্ষিকারা অভিভাবকদের দলগত আলোচনা করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেবেন। অভিভাবকেরা বর্তমানে তাদের সন্তানদের কিভাবে সহযোগিতা করেন সেই বিষয়ে আলোচনা করবেন এবং তাদের সন্তানদের উন্নতির জন্য স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনায় কি কি পরিবর্তন করা দরকার সেই বিষয়ে পরামর্শ দেবেন।

১৫ মিনিট

## বিভিন্ন শিখন-শিক্ষণ উপকরণের ব্যবহার

- বিশেষ শিক্ষক/ শিক্ষিকারা বিভিন্ন ধরণের শিখন – শিক্ষণ উপকরণ (যেমন - ফ্ল্যাশকার্ড, টেক্সচার্ড লেটার, সংখ্যা দেওয়া বোর্ড, কমিউনিকেশন বোর্ড ইত্যাদি) অভিভাবকদের সামনে প্রদর্শন করবেন
- বিশেষ শিক্ষক/ শিক্ষিকারা বাড়িতে সহজেই উপলব্ধ ন্যূনতম ৩টি জিনিসের নাম অভিভাবকদের চিন্তা করে সনাক্ত করতে বলবেন যেগুলি তারা তাদের সন্তানদের শেখানোর উপকরণ হিসাবে ব্যবহার করতে পারেন, যেমন – বস্তুর আকার, পরিমাপ ও শব্দের ধারণা দেওয়ার জন্য রান্নাঘরে ব্যবহৃত বাসনপত্র অভিভাবকেরা ব্যবহার করতে পারেন
- **কার্যাবলী (রোল প্লে):** বিশেষ শিক্ষক/ শিক্ষিকা একজন অভিভাবককে শিক্ষকের ভূমিকা পালন করতে বলবেন এবং অন্য একজন অভিভাবককে একটি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর ভূমিকা পালন করতে বলবেন। এই রোল প্লে -তে শিক্ষকের ভূমিকা পালনকারী অভিভাবক রান্নাঘরের বিভিন্ন উপকরণকে শিখন-শিক্ষণ উপকরণ হিসাবে ব্যবহার করে শিশুর ভূমিকা পালনকারী অভিভাবককে শেখানোর প্রক্রিয়া প্রদর্শন করবেন।

১৫ মিনিট

## স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা অনুযায়ী শিশুদের অগ্রগতি নিরীক্ষণ করা

- বিশেষ শিক্ষক/ শিক্ষিকা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অগ্রগতি নিরীক্ষণ করার জন্য নিম্নলিখিত সহজ পদ্ধতিগুলি অভিভাবকদের ব্যাখ্যা করে বোঝাবেনঃ
  - অভিভাবকদের একটি ডায়েরি বা জার্নালে প্রতিদিন / প্রতি সপ্তাহে শিশুদের অগ্রগতি নিরীক্ষণ করে লিখে রাখতে হবে
  - অভিভাবকেরা শিশুদের অগ্রগতির একটি চার্ট প্রস্তুত করে বিন্দি (টিপ) দিয়ে অগ্রগতির মাত্রা প্রদর্শন করতে পারেন
  - একটি চেকলিস্ট প্রস্তুত করে অভিভাবকেরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ছোট ছোট সাফল্য / অগ্রগতির কথা লিখে রাখতে পারেন




- **কার্যাবলীঃ** স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনায় উল্লিখিত যেকোন একটি দক্ষতা বৃদ্ধির জন্য বিশেষ শিক্ষক/ শিক্ষিকারা অভিভাবকদের একটি নমুনা ট্র্যাকিং শীট প্রস্তুত করতে নির্দেশ দেবেন যা শিশুর অগ্রগতি নিরীক্ষণের কাজে লাগবে।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ছোট ছোট উন্নতি / অগ্রগতি কিভাবে তাদের দীর্ঘমেয়াদী সাফল্যের দিকে নিয়ে যেতে পারে সেই সম্পর্কে বিশেষ শিক্ষক/ শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেন

১০ মিনিট

## বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করার গুরুত্ব

- অভিভাবক, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে নিয়মিত যোগাযোগ বজায় রাখার গুরুত্ব সম্পর্কে আলোচনা করবেন।
- **কার্যাবলী (রোল – প্লে):** বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের একটি আলোচনা সভা রোল-প্লে-এর মাধ্যমে সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক/ শিক্ষিকা অভিভাবকদের নির্দেশ দেবেন। এই আলোচনা সভায় শিক্ষক-শিক্ষিকার ভূমিকা পালনকারী অভিভাবকরা শিক্ষার ক্ষেত্রে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অগ্রগতি সম্পর্কে আলোচনা করবেন এবং অভিভাবকের ভূমিকা পালনকারীরা সন্তানদের নিয়ে তাদের উদ্বেগের কথা শিক্ষক-শিক্ষিকাদের জানাবেন।
- বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের কাছ থেকে অভিভাবকদের কি ধরণের সহায়তা প্রয়োজন সেই বিষয়ে অভিভাবকেরা আলোচনা করবেন এবং আলোচনার মুখ্য বিষয়গুলি সকলের সামনে তুলে ধরবেন।

৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলির সংক্ষিপ্তসার বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের সামনে তুলে ধরবেন।
- অভিভাবকেরা যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে বাড়িতে বাস্তবায়িত করতে পারবেন সেই পদক্ষেপের কথা সকলকে জানাবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং কোন বিষয়ে অভিভাবকদের সন্দেহ থাকলে তা ব্যাখ্যা করবেন।
- অভিভাবকেরা যদি তাদের সন্তানদের মধ্যে কোন পরিবর্তন লক্ষ্য করেন তাহলে সেই বিষয়ে পরবর্তী সভায় আলোচনা করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা তাদের উৎসাহিত করবেন।


৫ মিনিট

## সমাপনী মন্তব্য

- স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনায় উল্লিখিত স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলি ধারাবাহিকভাবে অনুসরণ করার জন্য অভিভাবকদের উৎসাহিত করতে হবে
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাফল্যের জন্য অভিভাবক, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে দলগত কাজের উপর জোর দিতে হবে
- আগামী সপ্তাহে বাড়িতে নতুন শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করে শিশুদের সাথে একটি কার্যাবলী পরিচালনা করার জন্য অভিভাবকদের উৎসাহিত করতে হবে
- আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য এবং সন্তানের ভবিষ্যত গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ হওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে আলোচনা সভা সমাপ্ত করবেন।

# জুলাই

## আলোচনার বিষয়ঃ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর চাহিদা অনুযায়ী, বাড়ির পরিবেশে পরিবর্তন



### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর প্রয়োজন অনুযায়ী বাড়ির পরিবেশে পরিবর্তন আনার গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের বুঝতে সাহায্য করা
- আসবাবপত্র ও বাড়ির বিভিন্ন জায়গায় কিভাবে পরিবর্তন আনলে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর সহজগম্যতা বৃদ্ধি পাবে এবং তার জন্য আরামদায়ক পরিবেশ তৈরী হবে সেই বিষয়ে অভিভাবকদের নির্দেশ দেওয়া
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে দৈনন্দিন জীবনের বিভিন্ন কার্যাবলী সঠিকভাবে সম্পাদন করতে পারে তার জন্য অভিভাবকেরা কিভাবে অনুমানযোগ্য রুটিন ও দৃশ্যমান ক্রম বা সময়সূচী ব্যবহার করতে পারেন সেই সম্পর্কে তাদের ধারণা দেওয়া

### প্রত্যাশিত ফলাফল

- বাড়ির বিভিন্ন জায়গাগুলি কিভাবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য সহজগম্য করা যায়, সেই বিষয়ে অভিভাবকেরা অবগত হবেন
- দৈনন্দিন জীবনে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যাতে ভাল অভিজ্ঞতা হয়, তার জন্য আসবাবপত্র ও বাড়ির পরিবেশে কিভাবে খুব সহজে অথচ কার্যকরী পরিবর্তন আনা যায়, সেই পদ্ধতিগুলি অভিভাবকেরা শিখবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে উদ্বেগ কমানোর এবং স্বনির্ভরতা বাড়ানোর ক্ষেত্রে অনুমানযোগ্য রুটিন ও দৃশ্যমান ক্রম বা সময়সূচীর ভূমিকা সম্পর্কে অভিভাবকেরা অবগত হবেন

### অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| বাড়ির পরিবেশ ও আসবাবপত্রে পরিবর্তন আনার কৌশল সম্পর্কে আলোচনা | ১৫ মিনিট |
| অনুমানযোগ্য রুটিন ও দৃশ্যমান ক্রম বা সময়সূচী সম্পর্কে ধারণা দেওয়া | ২৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি উৎসাহজনক পরিবেশ তৈরী করবেন
- অভিভাবক ও বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বৃত্তাকারে বসবেন যাতে সকলের সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করা যায়
- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন এবং আগের মাসের সভা থেকে অভিভাবকেরা যা যা শিখেছেন তা সকলের সামনে তুলে ধরার জন্য তাদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। বাড়িতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের চাহিদা পূরণ করার ক্ষেত্রে অভিভাবকেরা যেসব সমস্যার সম্মুখীন হন, তার মধ্যে থেকে যেকোন একটি সমস্যার কথা সকলের সাথে ভাগ করে নেওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের নির্দেশ দেবেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়টির সাথে অভিভাবকদের পরিচয় করিয়ে দেবেন এবং কিভাবে বাড়ির পরিবেশে সামান্য পরিবর্তন এনে অভিভাবকেরা তাদের সন্তানদের বিকাশ ও স্বাচ্ছন্দ্যে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারেন সেই বিষয়টি ব্যাখ্যা করবেন

১০ মিনিট

### বাড়ির পরিবেশ ও আসবাবপত্রে পরিবর্তন আনার কৌশল সম্পর্কে আলোচনা

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি দলগত কার্যাবলী পরিচালনা করার মাধ্যমে অভিভাবকদের বুঝতে সাহায্য করবেন যে বাড়ির পরিবেশে উপস্থিত কোন কোন উপাদান বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর সার্বিক বিকাশে বাধা সৃষ্টি করছে।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বাড়ির পরিবেশে আনা নিম্নলিখিত পরিবর্তনের ছবি দেখিয়ে অভিভাবকদের বিষয়টি বুঝতে সাহায্য করবেনঃ

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে সহজেই ব্যবহার করতে পারে, তার জন্য বিভিন্ন জিনিস রাখার তাক, সুইচবোর্ড ও জলের কল নীচু জায়গায় লাগানো

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা যাতে সহজেই হুইলচেয়ার ব্যবহার করতে পারে, তার জন্য বাড়ির মেঝে ফাঁকা ও বাধাহীন রাখা

যেখানে সম্ভব সিঁড়ির বদলে ঢালু র‍্যাম্প তৈরি করা

বিশেষ করে হাঁটাচলার অসুবিধা আছে এমন শিশু বা সেরিব্রাল পলসিযুক্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য কমোড-এ প্রয়োজনীয় পরিবর্তন করা। সহজলভ্য জিনিস যেমন কাঠের তক্তা, প্লাস্টিক চেয়ার অথবা অন্যান্য উপকরণ ব্যবহার করে কিভাবে কমোডে পরিবর্তন করা সম্ভব তা বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ব্যাখ্যা করবেন

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পড়াশোনা ও বিশ্রামের জন্য বিভিন্ন ধরণের শিল্প সামগ্রী ব্যবহার করে একটি নির্দিষ্ট জায়গা তৈরি করা এবং সেই জায়গায় তাদের বিভিন্ন শিল্পকর্ম শেখার সুযোগ করে দেওয়া



- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি হাতে-কলমে করার কার্যাবলী পরিচালনা করবেন। এর জন্য তারা অভিভাবকদের ছোট ছোট দলে ভাগ করে দেবেন এবং রিসোর্স রুমে সহজগম্যতা বাড়ানোর জন্য সম্ভাব্য কি কি পরিবর্তন করা যেতে পারে তা চিহ্নিত করে একটি সহজ ফ্লোর প্ল্যান তৈরী করতে বলবেন। এই কার্যাবলীর শেষে প্রতিটি দল তাদের পরিকল্পনা সকলের সামনে উপস্থাপন করবে, যাতে অভিভাবকেরা একে অপরের থেকে শিখতে পারেন এবং এই বিষয়ে তাদের ধারণা আরো স্পষ্ট হয়।

১৫ মিনিট

## অনুমানযোগ্য রুটিন ও দৃশ্যমান ক্রম বা সময়সূচী সম্পর্কে ধারণা দেওয়া

- অনুমানযোগ্য রুটিন কেন প্রয়োজন এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উদ্বেগ কমানোর জন্য ও তাদের নিরাপদ থাকার অনুভূতি বাড়ানোর জন্য দৃশ্যমান ক্রম বা সময়সূচী কিভাবে সাহায্য করে – এই বিষয়গুলি বিশেষ শিক্ষক-শিক্ষিকারা সহজ ভাষায় ব্যাখ্যা করে অভিভাবকদের বুঝিয়ে দেবেন।
- বিভিন্ন ধরনের দৃশ্যমান ক্রম বা সময়সূচী অভিভাবকদের প্রদর্শন করে দেখাতে হবে (যেমন ছবি দেওয়া কার্ড, পোস্টার, দেওয়ালে লাগানোর চার্ট ইত্যাদি)।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের ছোট ছোট দলে ভাগ করে দেবেন এবং ছবি বা শব্দ ব্যবহার করে যেকোন একদিনের অনুমানযোগ্য রুটিন (সকাল থেকে রাত পর্যন্ত) তৈরি করার নির্দেশ দেবেন।
- অনুমানযোগ্য রুটিনগুলি কিভাবে ধীরে ধীরে বাড়িতে শুরু করতে হবে এবং প্রয়োজনে একটি নির্দিষ্ট সময়ের ব্যবধানে এই রুটিনে কীভাবে সামান্য পরিবর্তন করা যেতে পারে, সেই বিষয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের সাথে আলোচনা করবেন

২৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন
- ধৈর্য্যের গুরুত্বের উপর বিশেষ শিক্ষক – শিক্ষিকারা জোর দেবেন
- আসবাবপত্র এবং বাড়ির পরিবেশে পরিবর্তন আনার যেকোন একটি কৌশল যা বাড়িতে অভিভাবকেরা সহজেই বাস্তবায়িত করতে পারবেন সেই বিষয়ে পরিকল্পনা করার জন্য এবং সেই পরিকল্পনা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।
- অভিভাবকেরা যা পরিকল্পনা করেছেন তা আগামী এক সপ্তাহের মধ্যে বাড়িতে বাস্তবায়িত করার জন্য এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উপর তার প্রভাব পর্যবেক্ষণ করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন

১০ মিনিট

## সমাপনী মন্তব্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রয়োজন অনুযায়ী বাড়ির পরিবেশে পরিবর্তন আনার গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বক্তব্য রাখবেন
- দৃশ্যমান ক্রম বা সময়সূচী তৈরি করে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অনুশীলন করানোর উপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা জোর দেবেন
- আলোচনা সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভা সমাপ্ত করবেন।

# আগস্ট

## আলোচনার বিষয়ঃ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি এবং পুষ্টি



### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের টীকাকরণ এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানোর গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের সচেতন করা
- পুষ্টিকর খাদ্য সম্পর্কে ও শিশুর সার্বিক বিকাশে পুষ্টিকর খাদ্যের ভূমিকা সম্পর্কে অভিভাবকদের তথ্য দেওয়া
- মাসিক চলাকালীন স্বাস্থ্যবিধি ও বিশেষ চাহিদা সম্পন্ন কিশোরীদের জন্য এই স্বাস্থ্যবিধির গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের সচেতন করা।
- বাড়িতে স্বাস্থ্যবিধি সম্পর্কে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে সুঅভ্যাস গড়ে তোলার জন্য অভিভাবকদের দৈনন্দিন জীবনে ব্যবহারযোগ্য কিছু উপায় সম্পর্কে অবগত করা।

### প্রত্যাশিত ফলাফল

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের টীকাকরণ সম্পূর্ণ করার এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানোর গুরুত্ব অভিভাবকেরা বুঝতে পারবেন
- অভিভাবকেরা পুষ্টিকর খাবার তৈরী করার পদ্ধতিগুলি জানবেন যা তাদের সন্তানদের বৃদ্ধি ও বিকাশে সহায়তা করবে
- অভিভাবকেরা বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের মাসিক স্বাস্থ্যবিধি অনুসরণ করার কাজটি সঠিকভাবে পরিচালনা করতে আত্মবিশ্বাসী হয়ে উঠবেন
- বাড়িতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সুস্বাস্থ্য বজায় রাখার জন্য ও স্বাস্থ্যবিধি মেনে চলার অভ্যাস তৈরী করার জন্য বিভিন্ন ব্যবহারিক কৌশল প্রয়োগ করতে অভিভাবকেরা সক্ষম হবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
| --- | --- |
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে টীকাকরণ ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা | ১০ মিনিট |
| শিশু বিকাশে পুষ্টিকর খাবারের ভূমিকা সম্পর্কে আলোচনা | ১৫ মিনিট |
| মাসিক চলাকালীন স্বাস্থ্যবিধি সম্পর্কে ধারণা দেওয়া | ১৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি উৎসাহজনক পরিবেশ তৈরী করবেন
- অভিভাবক ও বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বৃত্তাকারে বসবেন যাতে সকলের সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করা যায়
- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন এবং আগের মাসের সভা থেকে অভিভাবকেরা যা যা শিখেছেন তা সকলের সামনে তুলে ধরার জন্য তাদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের স্বাস্থ্য নিয়ে অভিভাবকদের যেসব উদ্বেগ আছে, তার মধ্যে থেকে যেকোন একটি উদ্বেগের কথা সকলের সাথে ভাগ করে নেওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের নির্দেশ দেবেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়টির সাথে অভিভাবকদের পরিচয় করিয়ে দেবেন এবং শিশুদের সামগ্রিক বিকাশে সুস্বাস্থ্য বজায় রাখা, স্বাস্থ্যবিধি মেনে চলা ও পুষ্টির গুরুত্বের উপর জোর দিয়ে আলোচনা শুরু করবেন।
- আলোচ্য বিষয়গুলি সহজভাবে অভিভাবকদের বুঝিয়ে দেওয়ার জন্য কিছু শিখন - শিক্ষণ উপকরণ বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ব্যবহার করতে পারেন, যেমন – স্বাস্থ্যবিধি সম্পর্কিত ছবি ও স্যানিটারি ন্যাপকিন

১০ মিনিট

### বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে টীকাকরণ ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা

- শিশুদের জন্য অত্যাবশ্যকীয় টীকাগুলি সম্পর্কে ও পোলিওর মতো রোগ প্রতিরোধের জন্য সেইসব টীকার উপকারিতা সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সহজ ভাষায় ব্যাখ্যা করবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্ষেত্রে টীকাকরণ সম্পূর্ণ করার গুরুত্ব নিয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন
- অভিভাবকেরা যাতে টীকাকরণের কার্ড ও সময়সূচী সঠিকভাবে অনুসরণ করতে পারেন তার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা হাতে-কলমে সহায়তা প্রদান করবেন


Child Vaccination Schedule

Child's Name: ____________

DOB: ____________

| Age | Vaccine | Date | Administered By | Next Appt |
| --- | --- | --- | --- | --- |
| At birth | HepB: 1st Dose | | | |
| 2 Months | HepB: 2nd Dose | | | |
| | RV: 1st Dose | | | |
| | DTaP: 1st Dose | | | |
| | Hib: 1st Dose | | | |
| | PCV13: 1st Dose | | | |
| | IPV: 2nd Dose | | | |
| 4 Months | RV: 2nd Dose | | | |
| | DTaP: 2nd Dose | | | |
| | Hib: 2nd Dose | | | |
| | PCV13: 2nd Dose | | | |
| | IPV: 2nd Dose | | | |
| 6 Months | HepB: 3rd Dose | | | |
| | DTaP: 3rd Dose | | | |
| | Hib: 3rd Dose | | | |
| | PCV13: 3rd Dose | | | |
| | IPV: 3rd Dose | | | |
| | Flu: Yearly* | | | |
| 12 Months | Hib: Booster | | | |
| | PCV13: 4th Dose | | | |
| | MMR: 1st Dose | | | |
| | Varicella 1st Dose | | | |
| | HepA 2 Dose Series | | | |
| 15 Months | DTaP: 4th Dose | | | |
| 4-6 Years | DTaP: Booster | | | |
| | IPV: Booster | | | |
| | MMR: 2nd Dose | | | |
| | Varicella 2nd Dose | | | |

* Two doses given at least four weeks apart are recommended for children age 6 months through 8 years of age who are getting a flue vaccine for the first time and for some other children in this age group.

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানোর, বিশেষতঃ চোখের পরীক্ষা করানোর গুরুত্ব নিয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য বাকি থাকা বা আসন্ন টীকাকরণের ও স্বাস্থ্য পরীক্ষার বিবরণ দিয়ে একটি তালিকা প্রস্তুত করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের প্রয়োজনীয় নির্দেশ দেবেন
- আলোচনার সময় বিশেষ শিক্ষক – শিক্ষিকারা যেসব শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করতে পারেন সেগুলি হল - পোলিও টীকার উপকারিতা সম্পর্কিত চার্ট এবং শিশুদের বয়স অনুযায়ী টীকাকরণ সময়সূচীর একটি চার্ট

১০ মিনিট

## শিশু বিকাশে পুষ্টিকর খাবারের ভূমিকা সম্পর্কে আলোচনা

- পুষ্টি, পুষ্টিকর খাদ্যবস্তু এবং শিশুদের বিকাশে এইসব খাদ্যবস্তুর ভূমিকা নিয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষেপে আলোচনা করবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য সুষম আহারের একটি পরিকল্পনা করার পদ্ধতি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা হাতে-কলমে প্রদর্শন করার মাধ্যমে অভিভাবকদের বুঝিয়ে দেবেন
- অভিভাবকেরা কিভাবে তাদের সন্তানদের পুষ্টিকর খাবার খাওয়ানোর অভ্যাস করাবেন তার কৌশল সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন
- আলোচনার সময় বিশেষ শিক্ষক – শিক্ষিকারা কিছু শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করতে পারেন, যেমন – বিভিন্ন খাদ্যবস্তুর ছবি দেওয়া চার্ট, ভিটামিন এ, বি, সি, ডি, ই, বি12 এবং অন্যান্য পুষ্টি উপাদানের কার্যকারিতা সম্পর্কিত চার্ট ইত্যাদি




১৫ মিনিট

## মাসিক চলাকালীন স্বাস্থ্যবিধি সম্পর্কে ধারণা দেওয়া

- মাসিক চলাকালীন স্বাস্থ্যবিধি, তার গুরুত্ব এবং ব্যবস্থাপনা সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা ব্যাখ্যা করে অভিভাবকদের বুঝিয়ে দেবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সঙ্গে কীভাবে সহানুভূতিশীলভাবে মাসিক সম্পর্কে কথা বলা যায় এবং স্বাস্থ্যকর অভ্যাস শেখানো যায়, তা নিয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন
- মাসিক নিয়ে প্রচলিত কুসংস্কার ও ভ্রান্ত ধারণাগুলি ভাঙার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সাথে একটি দলগত আলোচনা পরিচালনা করবেন
- দলগত আলোচনার সময় বিশেষ শিক্ষক – শিক্ষিকারা কিছু শিখন-শিক্ষণ উপকরণ ব্যবহার করতে পারেন, যেমন - স্যানিটারি ন্যাপকিন ব্যবহারের পদ্ধতির ছবি দেওয়া চার্ট , অন্তর্বাস পরিষ্কারের উপায় সম্পর্কিত উপকরণ ও অন্যান্য প্রাসঙ্গিক উপকরণ



১৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।
- যা বাড়িতে অভিভাবকেরা সহজেই বাস্তবায়িত করতে পারবেন সেই বিষয়ে পরিকল্পনা করার জন্য এবং সেই পরিকল্পনা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন
- স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি এবং পুষ্টি সম্পর্কে যা যা আলোচনা হয়েছে তার উপর ভিত্তি করে একটি ছোট ও বাস্তবসম্মত লক্ষ্য স্থির করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন, যা আগামী এক সপ্তাহের মধ্যে তারা বাস্তবায়িত করবেন


১০ মিনিট

## সমাপনী মন্তব্য

- আলোচনা সভায় আলোচিত বিষয়গুলি বাড়িতে অনুশীলন করার জন্য এবং দৈনন্দিন জীবনে প্রয়োগ করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহ দেবেন
- আলোচনা সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভা সমাপ্ত করবেন।

# সেপ্টেম্বর

## আলোচনার বিষয়ঃ প্রতিবন্ধকতা ও লিঙ্গ বৈষম্য



### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের প্রতিবন্ধকতা এবং লিঙ্গ ভিত্তিক বৈষম্যের কারণে যেসব সমস্যার সম্মুখীন হতে হয়, সেই বিষয়ে অভিভাবকদের বুঝতে সাহায্য করা।
- বাড়িতে ও সমাজে প্রতিবন্ধকতাকে ঘিরে যেসব ভুল ধারণা আছে, সেগুলিকে ভাঙ্গার এবং এক অন্তর্ভুক্তিমূলক মনোভাব তৈরি করার কৌশল সম্পর্কে অভিভাবকদের অবহিত করা
- বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের জন্য সমান সুযোগ নিশ্চিত করার জন্য অভিভাবকরা যাতে ওকালতি করতে পারেন সেই জন্য তাদের ক্ষমতা বৃদ্ধি করা।

### প্রত্যাশিত ফলাফল

- সমাজে বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েরা দ্বিগুণ বৈষম্যের সম্মুখীন হয়, এই বিষয়ে অভিভাবকদের ধারণা তৈরী হবে এবং তারা গভীর উপলব্ধি অর্জন করবেন।
- শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা এবং সামাজিক পরিবেশে বিদ্যমান লিঙ্গ ও ক্ষমতা-ভিত্তিক পক্ষপাতগুলি মোকাবিলা করার কৌশলগুলি অভিভাবকেরা শিখবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সমান সুযোগ দেওয়ার জন্য এবং বাড়িতে ও সমাজে এক সহায়ক ও অন্তর্ভুক্তিমূলক পরিবেশ গড়ে তোলার জন্য অভিভাবকেরা আত্মবিশ্বাসী হয়ে উঠবেন এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অধিকার সুনিশ্চিত করার জন্য ওকালতি করতে সক্ষম হবেন।

## অধিবেশনের পরিকল্পনা:

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের উপর দ্বিগুণ বৈষম্যের প্রভাব সম্পর্কে ধারণা তৈরী করা | ১৫ মিনিট |
| সমাজে বিদ্যমান স্টিরিওটাইপ ভাঙার ও অন্তর্ভুক্তিমূলক মনোভাব গড়ে তোলার গুরুত্ব সম্পর্কে আলোচনা | ২৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি উৎসাহজনক ও সম্মানজনক পরিবেশ তৈরী করবেন
- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন এবং আগের মাসের আলোচনা থেকে অভিভাবকেরা কি কি বিষয় শিখেছেন এবং বাড়িতে বাস্তবায়িত করেছেন তা সকলের সামনে তুলে ধরার জন্য অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এই কার্যাবলীতে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বিশেষ চাহিদা সম্পন্ন মেয়ে সন্তানকে নিয়ে অভিভাবকদের একটি ইচ্ছা প্রকাশ করতে নির্দেশ দেবেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়টির সাথে অভিভাবকদের পরিচয় করিয়ে দেবেন এবং কিভাবে লিঙ্গভিত্তিক ও ক্ষমতাভিত্তিক পক্ষপাত যৌথভাবে বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের জন্য অতিরিক্ত বাধা সৃষ্টি করে তা বুঝিয়ে বলবেন।

১০ মিনিট

### বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের উপর দ্বিগুণ বৈষম্যের প্রভাব সম্পর্কে ধারণা তৈরী করা

1. বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সহজ ভাষায় বাস্তব জীবনের বিভিন্ন পরিস্থিতির উদাহরণ (বাড়িতে এবং বিদ্যালয়ে ছেলে ও মেয়েদের উপর অসমান প্রত্যাশা তৈরী হয়) দিয়ে অভিভাবকদের আলোচনার বিষয়বস্তু সম্পর্কে ধারণা তৈরী করবেন
2. অভিভাবকেরা যাতে লিঙ্গ বৈষম্য কি তা বুঝতে পারেন এবং লিঙ্গ বৈষম্যের ঘটনাগুলি চিহ্নিত করতে পারেন তার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা কিছু বিষয় উপযোগী প্রশ্ন উত্থাপন করে আলোচনাকে এগিয়ে নিয়ে যেতে পারেন, যেমন - "আপনি কি কখনো লক্ষ্য করেছেন যে একই পরিস্থিতিতে আপনার মেয়ের সাথে অন্যান্য ছেলেদের থেকে ভিন্ন আচরণ করা হয়?"
3. শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এবং সামাজিক পরিবেশে ছেলে ও মেয়েদের মধ্যে বৈষম্যের ঘটনাগুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা গল্প বলার মাধ্যমে বা বিভিন্ন ধরণের দৃশ্য দেখিয়ে অভিভাবকদের বুঝিয়ে দেবেন।
4. বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের ব্যক্তিগত অভিজ্ঞতা সকলের সামনে তুলে ধরার জন্য উৎসাহিত করবেন যেখানে তাদের মেয়েদের সঙ্গে কোনও অন্যায় আচরণ করা হয়েছে।

**কার্যাবলীঃ** অভিভাবকরা দুইটি সমস্যার কথা লিখবেন যা তাদের মেয়েরা বর্তমানে সম্মুখীন হচ্ছে এবং দলগত আলোচনায় অংশগ্রহণ করে তারা সেইসব সমস্যার ব্যবহারিক সমাধান খুঁজে বার করবেন।

১৫ মিনিট

## সমাজে বিদ্যমান স্টিরিওটাইপগুলি ভাঙার ও অন্তর্ভুক্তিমূলক মনোভাব গড়ে তোলার গুরুত্ব সম্পর্কে আলোচনা

- বিশেষ চাহিদা সম্পন্ন কন্যা সন্তানদের ওপর প্রচলিত সামাজিক ধারণা (স্টিরিওটাইপ) কিভাবে প্রভাব ফেলে এবং তার দীর্ঘমেয়াদী ফল কী হতে পারে সেই সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সহজ ভাষায় ব্যাখ্যা করবেন।
- অভিভাবকেরা কিভাবে প্রচলিত সামাজিক ধারণা ও নিয়ম-নীতিগুলি ভাঙতে পারেন এবং তাদের কন্যা সন্তানদের আত্মবিশ্বাস বাড়াতে পারেন সেই বিষয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন।
- **হাতে-কলমে কার্যাবলী:** অভিভাবকদের একটি পরিকল্পনা তৈরি করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা নির্দেশ দেবেন, যেখানে তারা নির্দিষ্ট কতগুলি পদক্ষেপের কথা লিখবেন, যার মাধ্যমে তারা বিদ্যালয়ে, স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করার ক্ষেত্রে এবং সামাজিক পরিসরে তাদের বিশেষ চাহিদা সম্পন্ন কন্যা সন্তানদের অধিকার সুনিশ্চিত করতে পারবেন।

  এই পরিকল্পনা তৈরি করার সময় অভিভাবকেরা নিম্নলিখিত প্রশ্নগুলি মাথায় রাখতে পারেনঃ

| | | |
|---|---|---|
| বিশেষ চাহিদা সম্পন্ন মেয়েদের কি কি বাধার সম্মুখীন হতে হয়? | এই বাধা অতিক্রম করতে আপনি কীভাবে তাকে সহযোগিতা করতে পারেন? | আপনার অঞ্চল বা সম্প্রদায়ের কোন কোন ব্যক্তি আপনাকে সহযোগিতা করতে পারেন? |

- কার্যাবলীঃ বিভিন্ন পরিস্থিতিতে অভিভাবকেরা কিভাবে তাদের কন্যা সন্তানদের অধিকার সুনিশ্চিত করার জন্য ও তাদের চাহিদাগুলি পূরণ করার জন্য ওকালতি করতে পারেন তা অনুশীলন করার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা নির্দেশ দেবেন।

  বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের কিছু বাস্তব পরিস্থিতির উদাহরণ দিতে পারেনঃ

  1. অন্তর্ভুক্তিমূলক শ্রেণীকক্ষে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের শিক্ষাদান পদ্ধতি নিয়ে বিদ্যালয়ের একজন শিক্ষকের সঙ্গে কথা বলা
  2. স্বাস্থ্যকেন্দ্রে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে অন্যায্য ব্যবহার করার জন্য স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী ব্যক্তির সঙ্গে কথা বলা এবং সেই আচরণের বিরোধিতা করা
  3. বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পছন্দ ও স্বপ্নগুলিকে সম্মান করার জন্য আত্মীয়দের উৎসাহ দেওয়া

২৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অগ্রগতির ক্ষেত্রে যেসব বাধা রয়েছে সেগুলিকে ভাঙার জন্য অভিভাবকদের প্রচেষ্টা অপরিহার্য – এই বিষয়ের ওপর বিশেষ শিক্ষক – শিক্ষিকারা জোর দেবেন।
- আলোচনা সভায় আলোচিত যেকোন একটি কৌশল বাড়িতে বাস্তবায়ন করার জন্য এবং তাদের সন্তানের উপর এই প্রক্রিয়ার প্রভাব পর্যবেক্ষণ করে পরবর্তী সভায় নিজেদের অভিজ্ঞতা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।

১৫ মিনিট

## সমাপনী মন্তব্য

বিশেষ শিক্ষক-শিক্ষিকারা এই অধিবেশনটি শেষ করবেন:

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা লিঙ্গ - ভিত্তিক পক্ষপাত প্রতিরোধ করার এবং অন্তর্ভুক্তিমূলক মনোভাব গড়ে তোলার গুরুত্বের উপর জোর দেবেন।
- আলোচিত বিষয়গুলি থেকে শেখা যেকোন একটি কৌশল বাড়িতে অভিভাবকদের বাস্তবায়িত করতে বলবেন এবং সেই বিষয়ে পরবর্তী আলোচনা সভায় নিজেদের অভিজ্ঞতা সকলের সামনে তুলে ধরার জন্য উৎসাহিত করবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন কন্যা সন্তানদের ক্ষমতার উপর ও তাদের মধ্যে লুকিয়ে থাকা সম্ভাবনার উপর বিশ্বাস রাখতে এবং তাদের উন্নতি করার সুযোগ দেওয়ার জন্য অভিভাবকদের অনুপ্রাণিত করবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সামগ্রিক বিকাশের জন্য এবং বিভিন্ন ক্ষেত্রে তাদের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে অভিভাবকদের সক্রিয় অংশগ্রহণ এবং সকল প্রচেষ্টার প্রশংসা করে এবং অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভা সমাপ্ত করবেন।

# অক্টোবর

## আলোচনার বিষয়ঃ সামাজিকীকরণ ও যোগাযোগ




### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সামাজিকীকরণ এবং যোগাযোগ স্থাপনের দক্ষতা বৃদ্ধি করার গুরুত্ব বুঝতে অভিভাবকদের সাহায্য করা
- পারিবারিক এবং সম্প্রদায়ের বিভিন্ন অনুষ্ঠানে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অংশগ্রহণ করতে উৎসাহিত করার কৌশল সম্পর্কে অভিভাবকদের অবহিত করা
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মানসিক এবং সামাজিক বিকাশে সহায়তা করার জন্য বাড়িতে সহানুভূতিশীল যোগাযোগ স্থাপনের কৌশলগুলি কিভাবে বাস্তবায়িত করবেন সেই সম্পর্কে অভিভাবকদের অবহিত করা

### প্রত্যাশিত ফলাফল

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মানসিক, বৌদ্ধিক এবং আচরণগত বিকাশে সামাজিক মিথস্ক্রিয়ার গুরুত্ব সম্পর্কে অভিভাবকদের মধ্যে স্পষ্ট ধারণা তৈরী হবে
- পরিবার এবং সম্প্রদায়ের বিভিন্ন অনুষ্ঠানে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অংশগ্রহণ করতে উৎসাহিত করার ব্যবহারিক কৌশলগুলি অভিভাবকেরা শিখবেন
- অভিভাবকেরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে সহানুভূতিশীল যোগাযোগ বাড়ানোর এবং বাড়িতে একটি সহায়ক পরিবেশ তৈরি করার দক্ষতা অর্জন করবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| পরিবার ও সম্প্রদায়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অংশগ্রহণ | ১৫ মিনিট |
| বাড়িতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে সহানুভূতিশীল যোগাযোগ স্থাপন | ২৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি উৎসাহজনক পরিবেশ তৈরী করবেন
- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন এবং আগের মাসে তৈরি করা কর্ম পরিকল্পনার বাস্তবায়নের অভিজ্ঞতা অথবা কোন পর্যবেক্ষণ সকলের সামনে তুলে ধরার জন্য অভিভাবকদের উৎসাহিত করবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের একটি সাম্প্রতিক মুহূর্ত বা পরিস্থিতির কথা সকলের সামনে তুলে ধরতে বলবেন যেখানে তাদের সন্তান পরিবারের একজন সদস্য বা বন্ধু বা প্রতিবেশীর সাথে ভালভাবে যোগাযোগ স্থাপন করেছে। অভিভাবকেরা যাতে স্বতঃসফুর্তভাবে তাদের অভিজ্ঞতার কথা বলেন তাঁর জন্য হাততালি দিয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা তাদের উৎসাহিত করবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে কাজ করার অভিজ্ঞতা এবং তাদের সাফল্যের কাহিনী বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সামনে তুলে ধরবেন এবং বিভিন্ন প্রতিকূলতা থাকা 'সত্ত্বেও সেইসব শিশুরা কিভাবে সাফল্য অর্জন করেছে সেই বিষয়ে জানাবেন।
- একটি প্রশ্ন জিজ্ঞাসা করে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়টির সাথে অভিভাবকদের পরিচয় করিয়ে দেবেন - কীভাবে সামাজিকীকরণ এবং যোগাযোগ স্থাপনের দক্ষতা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সামগ্রিক বিকাশকে (বিশেষতঃ তাদের আত্মবিশ্বাস গড়ে তুলতে এবং স্বাধীনভাবে জীবনযাপন করার দক্ষতা বৃদ্ধি করতে) প্রভাবিত করে?

১০ মিনিট

## পরিবার ও সম্প্রদায়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অংশগ্রহণ

- পারিবারিক এবং সম্প্রদায়ের বিভিন্ন অনুষ্ঠান / কার্যক্রমে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা অংশগ্রহণ করলে কি কি সুবিধা হয় সেই বিষয়ে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা করবেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের সেইসব বাধাগুলি চিহ্নিত করতে সাহায্য করবেন যা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিভিন্ন ক্ষেত্রে অংশগ্রহণ করতে বাধা দেয় এবং এই বাধাগুলি অতিক্রম করার জন্য কি কি পদক্ষেপ নেওয়া যেতে পারে সেই সম্পর্কে চিন্তাভাবনা ও আলোচনা করতে বলবেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা বাস্তব জীবনের বিভিন্ন উদাহরণ অভিভাবকদের সামনে উপস্থাপন করবেন যেখানে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা সফলভাবে পারিবারিক এবং সম্প্রদায়ের অনুষ্ঠান বা কার্যকলাপে অংশগ্রহণ করেছে
- **কার্যাবলীঃ** বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের বিভিন্ন পারিবারিক ও সামাজিক কার্যাবলীর একটি তালিকা এবং সেই কার্যাবলীগুলি বাস্তবায়ণের একটি পরিকল্পনা করতে বলবেন যাতে তাদের সন্তান বাড়িতে এবং সম্প্রদায়ে অংশগ্রহণ করতে পারে এবং সমাজে তাদের অন্তর্ভুক্তির জন্য কিছু পদক্ষেপ গ্রহণ করা যায়। বিশেষ শিক্ষক – শিক্ষিকাদের সহায়তা নিয়ে অভিভাবকেরা নিম্নলিখিত বিষয়গুলির উপর ভিত্তি করে একটি কর্ম পরিকল্পনা তৈরি করতে পারেন:

| | | | |
|---|---|---|---|
| পারিবারিক **কার্যাবলীর একটি তালিকা** প্রস্তুত করুন যেখানে আপনার সন্তান অংশগ্রহণ করতে পারে | আপনার সন্তান সম্প্রদায়ের কোন কোন কার্যাবলীতে অংশ নিতে পারে তার একটি তালিকা প্রস্তুত করুন এবং **আপনার সন্তানকে সেইসব কার্যাবলীতে যুক্ত হতে সহায়তা করুন।** | আপনার **পরিবার বা সম্প্রদায়ের কোন কোন ব্যক্তি** আপনার সন্তানকে তালিকাভুক্ত কার্যাবলীতে অংশগ্রহণ করতে সাহায্য করতে পারে তা চিহ্নিত করুন | বিভিন্ন কার্যাবলীতে অংশগ্রহণ করার ক্ষেত্রে আপনার **সন্তানের অগ্রগতি নিরীক্ষণ করার পরিকল্পনা করুন** |

১৫ মিনিট

## বাড়িতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে সহানুভূতিশীল যোগাযোগ স্থাপন

- পিতামাতা এবং সন্তানের মধ্যে একটি শক্তিশালী বন্ধন গড়ে তুলতে সহানুভূতিশীল যোগাযোগের ভূমিকা সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা ব্যাখ্যা করবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সাথে যোগাযোগ স্থাপনের বিভিন্ন পদ্ধতির পরিচিতি দেবেন এবং বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতাযুক্ত শিশুদের উপর সেইসব যোগাযোগ স্থাপন পদ্ধতির প্রভাব সম্পর্কে অভিভাবকদের সাথে আলোচনা করবেন
- যোগাযোগ স্থাপনের বিভিন্ন ব্যবহারিক কৌশলগুলি (যেমন সক্রিয় শ্রবণ, দৃশ্যমান সংকেতের ব্যবহার, সম্পূর্ণ যোগাযোগ স্থাপন) বিশেষ শিক্ষক-শিক্ষিকারা প্রদর্শণ করে অভিভাবকদের বুঝিয়ে দেবেন
- **হাতে-কলমে কার্যাবলীঃ** বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের একটি রোল প্লে-তে নিযুক্ত করবেন যেখানে তারা পারিবারিক সাধারণ পরিস্থিতিতে তাদের সন্তানদের সাথে কিভাবে সহানুভূতিশীল যোগাযোগ স্থাপন করবেন তা অনুশীলন করবেন। রোল প্লে শুরু করার আগে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা নিম্নলিখিত পরিস্থিতির উদাহরণ দিতে পারেনঃ

আপনার সন্তান স্কুল থেকে বিচলিত হয়ে বা মন খারাপ করে বাড়ি ফিরেছে এবং আপনার সাথে কথা বলতে চাইছে না। এই পরিস্থিতিতে কিভাবে আপনি তাকে আবেগ প্রকাশ করতে উৎসাহিত করবেন?

আপনি একটি পারিবারিক অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য একজন আত্মীয়ের বাড়িতে গেছেন। আপনার সন্তান সেখানে গিয়ে খুব আনন্দ বোধ করে কিন্তু কীভাবে তা প্রকাশ করতে হয় সেটা জানে না। এই পরিস্থিতিতে আপনি কীভাবে তাকে তার অনুভূতি প্রকাশ করতে সাহায্য করবেন?

আপনার সন্তান কোন একটি বস্তু চাইছে বা তার কোন কিছুর প্রয়োজন হয়েছে, কিন্তু তার চাহিদা সে প্রকাশ করতে পারছে না। নিজের প্রতিক্রিয়া জানাবার জন্য বারবার চেষ্টা করছে। আপনি কীভাবে তাঁর মনের কথা না বোঝাতে পারার হতাশাকে সামলাতে এবং মনের ভাব প্রকাশ করতে তাকে সাহায্য করবেন?



এই কার্যাবলীটি নিম্নরূপ পদ্ধতিতে পরিচালনা করা যেতে পারেঃ

- উপস্থিত অভিভাবকদের জোড়ায় জোড়ায় বিভক্ত করতে হবে
- প্রতিটি জোড়াকে বাস্তব-জীবনের একটি সাধারণ পরিস্থিতি দিতে হবে (যেমন, শিশু খাবার খেতে চাইছে না, শিশু বাড়ির বাইরে যেতে চাইছে, অথবা তার মন খারাপ হয়েছে)
- একজন অভিভাবক সন্তানের ভূমিকা পালন করবেন এবং অন্যজন সহানুভূতিশীল ভাষা এবং গলার স্বর ব্যবহার করে প্রতিক্রিয়া জানাবেন
- এই কার্যাবলীতে অংশগ্রহণ করার সময় কতগুলি সহায়ক বাক্য (যেমন "আমি বুঝতে পারছি এখন তুমি কেমন অনুভব করছ" অথবা "এসো আমরা একসাথে চেষ্টা করি") ব্যবহার করার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের নির্দেশ দেবেন
- রোল প্লে-তে অংশগ্রহণ করার পর অভিভাবকেরা কেমনভাবে এই কার্যাবলী সম্পাদন করেছেন এবং অংশগ্রহণ করে তাদের কেমন লেগেছে সেই বিষয়ে বক্তব্য রাখবেন
- এই কার্যাবলীর শেষে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা কার্যকরী যোগাযোগ স্থাপনের বিভিন্ন কৌশলগুলির উপর জোর দেবেন এবং মূল বিষয়গুলি পুনরায় আলোচনার মাধ্যমে কার্যাবলী সমাপ্ত করবেন

২৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।
- বিভিন্ন সামাজিক কার্যাবলীর সাথে ধারাবাহিকভাবে পরিচিত হওয়া এবং বাড়িতে সহানুভূতিশীল যোগাযোগ স্থাপন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উল্লেখযোগ্যভাবে উপকৃত করে – এই বিষয়ের ওপর বিশেষ শিক্ষক – শিক্ষিকারা জোর দেবেন
- আলোচনা সভায় আলোচিত যেকোন একটি কৌশল বাড়িতে বাস্তবায়ন করার জন্য এবং পরবর্তী আলোচনা সভায় নিজেদের অভিজ্ঞতা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।

১০ মিনিট

## সমাপনী মন্তব্য

বিশেষ শিক্ষক - শিক্ষিকারা নিম্নলিখিতভাবে অধিবেশনটি শেষ করবেন:

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা দৈনন্দিন পারিবারিক রুটিন, পারিবারিক অনুষ্ঠান এবং সম্প্রদায়ের বিভিন্ন অনুষ্ঠানে তাদের সন্তানদের সক্রিয়ভাবে যুক্ত করার জন্য অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের আলোচিত বিষয় থেকে শেখা যেকোন একটি বিষয়ের উপর কর্ম পরিকল্পনা প্রস্তুত করতে বলবেন যা তারা বাড়িতে বাস্তবায়িত করতে পারবেন। বাড়িতে কোন ছোট পরিবর্তন অভিভাবকেরা বাস্তবায়ন করেছেন এবং তাদের সন্তানদের উপর এই পরিবর্তনের কি প্রভাব পড়েছে সেই বিষয়ে পরবর্তী আলোচনা সভায় নিজেদের অভিজ্ঞতা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে আত্মবিশ্বাস ও বিশ্বাস গড়ে তুলতে ধৈর্য্য এবং সহানুভূতিশীল যোগাযোগের গুরুত্বের উপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা জোর দেবেন
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সামাজিক এবং মানসিক বিকাশের জন্য অভিভাবকদের সক্রিয় অংশগ্রহণ এবং সকল প্রচেষ্টার প্রশংসা করে এবং অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভা সমাপ্ত করবেন।

# নভেম্বর

## আলোচনার বিষয়ঃ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর মাতা-পিতাদের মানসিক সুস্থতার প্রয়োজনীয়তা



### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ভালভাবে যত্ন নেওয়ার জন্য অভিভাবকদের নিজেদের মানসিক সুস্থতা বজায় রাখার গুরুত্ব বুঝতে সাহায্য করা।
- মানসিক চাপ ও চিন্তা কমানোর কৌশল সম্পর্কে অভিভাবকদের অবহিত করা।
- মানসিক ও আবেগজনিত সুস্থতা বজায় রাখার জন্য অভিভাবকেরা যাতে কাউন্সেলিং পরিষেবা ও বিভিন্ন সহায়তাকারী দলের পরিষেবা গ্রহণ করতে পারেন তার জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশ প্রদান করা।

### প্রত্যাশিত ফলাফল

- মানসিক চাপ ও উদ্বেগ কিভাবে তাদের মানসিক স্বাস্থ্যের উপর এবং সন্তান লালন-পালনের ক্ষমতার উপর প্রভাব ফেলে সেই সম্পর্কে অভিভাবকেরা সচেতন হবেন।
- মানসিক চাপ সামলানোর জন্য এবং মানসিক ভারসাম্য বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবহারিক কৌশলগুলি অভিভাবকেরা শিখবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ভালভাবে যত্ন নেওয়ার জন্য প্রয়োজনীয় পরামর্শ দেওয়ার ক্ষেত্রে কাউন্সেলিং পরিষেবা ও বিভিন্ন সহায়তাকারী দলের পরিষেবা গ্রহণ করার সুবিধাগুলি অভিভাবকেরা বুঝতে পারবেন।

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| মানসিক চাপ ও উদ্বেগ মোকাবিলা করার কৌশল সম্পর্কে আলোচনা | ১৫ মিনিট |
| বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের লালন পালনের জন্য প্রয়োজনীয় পরামর্শ পেতে কাউন্সেলিং পরিষেবা গ্রহণ করার সুবিধা সম্পর্কে আলোচনা | ২৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি উৎসাহজনক ও সহযোগী পরিবেশ তৈরী করবেন
- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে  বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন এবং আগের মাসের আলোচনা থেকে শিখে অভিভাবকেরা যেসব কৌশল বাড়িতে বাস্তবায়িত করেছেন সেই সম্পর্কে তাদের অভিজ্ঞতা ও পর্যবেক্ষণের কথা সকলের সামনে তুলে ধরার জন্য অভিভাবকদের উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এই কার্যাবলীতে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের বিভিন্ন ধরণের আবেগ-এর ছবি দেওয়া কার্ড দেখাবেন এবং সেই কার্ড দেখে অভিভাবকেরা কেমন অনুভব করছেন তা জিজ্ঞাসা করবেন। ২-৩ জন অভিভাবককে নির্দিষ্ট কতগুলি আবেগের সাথে সম্পর্কিত ব্যক্তিগত অভিজ্ঞতা সকলের সাথে ভাগ করে নেওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়টির সাথে অভিভাবকদের পরিচয় করিয়ে দেবেন এবং বাড়িতে ইতিবাচক পরিবেশ গড়ে তুলতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর পিতামাতার মানসিক সুস্থতা কতটা গুরুত্বপূর্ণ তা বুঝিয়ে দেবেন। অভিভাবকদের মানসিক সুস্থতার প্রভাব তাদের সন্তানের উপর কীভাবে পড়ে, তা বোঝাতে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা ১-২টি ছোট গল্প বা কেস স্টাডি সকলের সামনে তুলে ধরতে পারেন।

১০ মিনিট

---

### মানসিক চাপ ও উদ্বেগ মোকাবিলা করার কৌশল সম্পর্কে আলোচনা

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের ছোট ছোট দলে বা জোড়ায় জোড়ায় ভাগ করে দেবেন এবং একে অপরের সঙ্গে নিজেদের মানসিক চাপ ও দুশ্চিন্তা নিয়ে আলোচনা করার নির্দেশ দেবেন। ছোট দলে আলোচনা শেষ হওয়ার পর প্রতিটি দলকে তাদের আলোচনার বিষয়বস্তু সকলের সামনে তুলে ধরতে বলবেন। এই প্রক্রিয়ায় কার্যাবলী সম্পন্ন হওয়ার পর বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের মূল বক্তব্যগুলি সংক্ষেপে আলোচনা করবেন।
- মানসিক চাপ ও উদ্বেগ কমানোর কিছু কৌশল, যেমন - গভীর শ্বাস-প্রশ্বাস নেওয়া, পেশী শিথিল করার কৌশল এবং আত্ম-সচেতন হওয়ার পদ্ধতি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা প্রদর্শণ করে অভিভাবকদের দেখিয়ে দেবেন।
- **কার্যাবলীঃ** বিশেষ শিক্ষক – শিক্ষিকাদের সহায়তায় অভিভাবকেরা নিজেদের যত্ন নেওয়ার একটি পরিকল্পনা তৈরি করবেন, যেখানে তাঁরা দৈনন্দিন জীবনে মানসিক সুস্থতা বজায় রাখতে কী কী কাজ ও কৌশল অবলম্বন  করতে পারেন, তা লিখবেন।

১৫ মিনিট

---

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের লালন পালনের জন্য প্রয়োজনীয় পরামর্শ পেতে কাউন্সেলিং পরিষেবা গ্রহণ করার সুবিধা সম্পর্কে আলোচনা

- কাউন্সেলিং পরিষেবা এবং তার মাধ্যমে অভিভাবকেরা কিভাবে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সহায়তা পেতে পারেন সেই সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা ব্যাখ্যা করবেন।
- কাউন্সেলিং পরিষেবার বিভিন্ন ধরন (যেমন ব্যক্তিগত থেরাপি, সহায়ক দল, ও অনলাইন পরিষেবা) সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত বিবরণ দিয়ে অভিভাবকদের বোঝাবেন।
- বর্তমান কাউন্সেলিং পরিষেবা ও অন্যান্য সহায়তা সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের জানাবেন এবং কীভাবে এই পরিষেবাগুলি অভিভাবকেরা পেতে পারেন তা বুঝিয়ে দেবেন।
- কার্যাবলী – রোল প্লেঃ এই কার্যাবলীতে অভিভাবকেরা তাদের মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার সমাধানের জন্য কিভাবে সহায়তা চাইবেন এবং মানসিক সুস্থতার জন্য নিজস্ব চাহিদাগুলি কিভাবে জানাবেন সেই বিষয়টি তারা রোল প্লে-র মাধ্যমে অনুশীলন করবেন।





**নিম্নলিখিত পদ্ধতিতে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা এই কার্যাবলী সম্পাদন করতে পারেনঃ**

১. বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের দৈনন্দিন জীবনের কিছু পরিস্থিতির বিবরণ দেবেন (যেমন: পারিবারিক সমস্যার জন্য মানসিক চাপ, বিশেষ চাহিদা সম্পন্ন সন্তানের লালন-পালনের জন্য অতিরিক্ত মানসিক চাপ অথবা অন্য কোন বিষয়ে মানসিক চাপ)।

২. বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের জোড়ায় জোড়ায় ভাগ করে দেবেন। একজন অভিভাবক তার অনুভূতি প্রকাশ করবেন ও পরিস্কার ভাষায় অন্য অভিভাবকের কাছে সাহায্য চাইবেন।

৩. অন্য অভিভাবক মনোযোগ দিয়ে সব কথা শুনবেন এবং সহমর্মিতার সাথে যত্ন নিয়ে তাকে সহায়তা করবেন।

৪. বিশেষ শিক্ষক-শিক্ষিকারা এরপর অভিভাবকদের নিজেদের ভূমিকা পরিবর্তন করতে বলবেন এবং এই কার্যাবলী সম্পন্ন হলে খোলামেলা কথা বলার উপকারিতা ও মানসিক চাপ কমানোর উপায় নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবেন।

১৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।
- নিজেদের মানসিক সুস্থতাকে অগ্রাধিকার দেওয়ার জন্য এবং প্রয়োজনে সহায়তা নেওয়ার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন
- আলোচনা সভায় আলোচিত যেকোন একটি মানসিক চাপ কমানোর কৌশল বাড়িতে বাস্তবায়ন করার জন্য এবং পরবর্তী আলোচনা সভায় নিজেদের অভিজ্ঞতা সকলের সামনে তুলে ধরার জন্য বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।


১০ মিনিট

## সমাপনী মন্তব্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আরও ভালোভাবে সহায়তা করার জন্য অভিভাবকদের নিজেদের যত্ন নেওয়ার গুরুত্বের উপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা জোর দেবেন।
- অভিভাবকরা যাতে একে-অপরকে সহায়তা করতে পারেন তার জন্য বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অভিভাবকদের নিয়ে একটি সহায়ক দল গঠন করার জন্য এবং প্রয়োজনে পেশাদার ব্যক্তিদের সাহায্য নেওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের উৎসাহিত করবেন।
- আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য এবং নিজেদের মানসিক সুস্থতা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার জন্য অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভা সমাপ্ত করবেন।

# ডিসেম্বর

## আলোচনার বিষয়ঃ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার পরিকল্পনা




### আলোচনা সভার উদ্দেশ্য

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষা কেন গুরুত্বপূর্ণ তা বুঝতে অভিভাবকদের সাহায্য করা
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ উচ্চশিক্ষার সুযোগ-সুবিধা, কারিগরী শিক্ষার বিভিন্ন কোর্স এবং কর্মজীবন শুরু করার বিভিন্ন বিকল্প সম্পর্কে অভিভাবকদের বিস্তারিত তথ্য দেওয়া
- মাধ্যমিক স্তরের শিক্ষা গ্রহণ সম্পূর্ণ করার পর উচ্চশিক্ষা এবং / অথবা কারিগরী শিক্ষায় স্থানান্তরিত হওয়ার সময় বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহায়তা করার জন্য অভিভাবকদের প্রয়োজনীয় সম্পদ ও কৌশল সম্পর্কে অবহিত করা

### প্রত্যাশিত ফলাফল

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার বিভিন্ন বিকল্প সম্পর্কে অভিভাবকেরা অবগত হবেন
- শিক্ষার ক্ষেত্রে এবং কর্মজীবন নির্বাচনের ক্ষেত্রে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আকাঙ্খাগুলি চিহ্নিত করে তাদের সমর্থন করার কৌশলগুলি অভিভাবকেরা শিখবেন
- অভিভাবকেরা বুঝতে পারবেন কেন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য দ্রুত উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার পরিকল্পনা করা দরকার এবং কিভাবে তারা আর্থিক সহায়তা, বৃত্তি এবং প্রাতিষ্ঠানিক সহায়তা পেতে পারবেন

## অধিবেশনের পরিকল্পনা

| অধিবেশন | সময়সীমা |
|---|---|
| পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি | ১০ মিনিট |
| উচ্চশিক্ষা ও কারিগরী শিক্ষার বিকল্পগুলি অন্বেষণ করা | ১৫ মিনিট |
| ক্যারিয়ার পরিকল্পনায় বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহায়তা করার কৌশল | ২৫ মিনিট |
| আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব | ১০ মিনিট |

## নির্দিষ্ট কার্যাবলীর বিবরণ সহ অধিবেশনের বর্ণনা

### পরিচয় পর্ব এবং বিষয় পরিচিতি

- বিশেষ শিক্ষক – শিক্ষিকারা অভিভাবকদের স্বাগত জানাবেন এবং আলোচনা শুরু করার আগে একটি ইতিবাচক ও উৎসাহজনক পরিবেশ তৈরী করবেন
- আগের মাসের আলোচনা সভার মূল বিষয়বস্তু সম্পর্কে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা সংক্ষিপ্ত আলোচনা করবেন এবং সেই বিষয়ে অভিভাবকদের মতামত এবং গৃহীত পদক্ষেপ সম্পর্কে সকলকে জানানোর জন্য উৎসাহিত করবেন
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা একটি সংক্ষিপ্ত কার্যাবলী পরিচালনা করবেন যাতে আলোচনা সভায় উপস্থিত সকল অভিভাবক একে অপরের সাথে সাবলীলভাবে আলোচনা করতে পারেন এবং বিভিন্ন কার্যাবলীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। কার্যাবলীর শুরুতেই অভিভাবকদের উৎসাহিত করতে হবে যাতে তারা সন্তানের শিক্ষা এবং কর্মজীবন সম্পর্কে তাদের আকাঙ্খার কথা সকলের সামনে তুলে ধরেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষকারা অভিভাবকদের একটি মানচিত্র প্রস্তুত করার জন্য নির্দেশ দেবেন যেখানে অভিভাবকেরা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর ছবি লাগিয়ে ছবির নীচে তাদের নাম লিখবেন এবং সেই ছবির পাশে সন্তানের শিক্ষা এবং কর্মজীবন সম্পর্কে তাদের আকাঙ্খাগুলি লিখবেন। এই মানচিত্রটি অভিভাবকদের তাদের সন্তানের ভবিষ্যত যাত্রাপথ দেখতে এবং সেই অনুযায়ী পরিকল্পনা করতে সাহায্য করবে।
- এরপর বিশেষ শিক্ষক-শিক্ষিকারা আলোচনা সভার মূল বিষয়বস্তু অর্থাৎ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার পরিকল্পনা করার গুরুত্ব সম্পর্কে আলোচনা শুরু করবেন।

১০ মিনিট

### বিশেষ শিক্ষক – শিক্ষিকা অভিভাবকদের সাথে নিম্নলিখিত বিষয়ে আলোচনা করবেন

- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং কারিগরী শিক্ষার বিভিন্ন কোর্সের সংক্ষিপ্ত বিবরণ
- বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করার প্রক্রিয়া, যোগ্যতার মানদন্ড এবং বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্রছাত্রীদের প্রয়োজন অনুযায়ী উপযুক্ত সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা সম্পর্কে আলোচনা
- বাস্তব জীবনে যেসব বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি উচ্চশিক্ষা অথবা কারিগরী শিক্ষা সম্পূর্ণ করে জীবনে সফল হয়েছেন তাদের সেই সাফল্যের কাহিনী অভিভাবকদের সামনে উপস্থাপন করা

- **কার্যাবলীঃ** অভিভাবকেরা তাদের সন্তানদের আগ্রহ ও দক্ষতার কথা মাথায় রেখে সম্ভাব্য উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার কোর্সগুলি সম্পর্কে গবেষণা করে একটি তালিকা প্রস্তুত করবেন। প্রয়োজনে বিশেষ শিক্ষক-শিক্ষিকাদের সাহায্য নিয়ে তারা নিম্নলিখিত পোর্টালে গিয়ে গবেষণা করতে পারেন বা রেফারেন্স হিসাবে ব্যবহার করতে পারেনঃ wbcareerportal.in.



১৫ মিনিট

## ক্যারিয়ার পরিকল্পনায় বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহায়তা করার কৌশল

- অভিভাবকেরা কিভাবে শিশুদের দক্ষতা, আগ্রহ এবং ক্যারিয়ারের আকাঙ্খা চিহ্নিত করবেন, সেই বিষয়ে আলোচনা
- যোগাযোগ স্থাপন করা, সমস্যা সমাধান করা এবং কর্মক্ষেত্রে স্বাধীনভাবে কাজ করা সহ কর্মসংস্থানে নিয়োগের জন্য প্রয়োজনীয় দক্ষতা কীভাবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মধ্যে বৃদ্ধি করা যায় সে সম্পর্কে বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের নির্দেশ প্রদান করবেন
- আর্থিক সহায়তা ও বৃত্তি, এবং উচ্চশিক্ষা ও কারিগরী শিক্ষার জন্য বিভিন্ন সরকারি প্রকল্প সম্পর্কিত তথ্য অভিভাবকদের জানাবেন
- হাতে-কলমে কাজঃ অভিভাবকেরা তাদের সন্তানদের ক্যারিয়ারের জন্য একটি রোডম্যাপ তৈরী করবেন। এই রোডম্যাপে তারা প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, কারিগরী দক্ষতা এবং অন্যান্য কি কি সহায়তা প্রয়োজন তা উল্লেখ করবেন। এই রোডম্যাপ প্রস্তুত করার সময় বিশেষ শিক্ষক – শিক্ষিকারা স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী লক্ষ্য নির্ধারণ করার জন্য অভিভাবকদের উৎসাহিত করবেন।

২৫ মিনিট

## আলোচনার সমাপ্তি এবং প্রশ্নোত্তর পর্ব

- আলোচনা সভায় আলোচিত মুখ্য বিষয়গুলি বিশেষ শিক্ষক – শিক্ষিকারা পুনরায় সংক্ষেপে উপস্থিত সকল অভিভাবকের সামনে তুলে ধরবেন।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের একটি পরিপূর্ণ কর্মজীবনের দিকে পরিচালিত করার জন্য দ্রুত পরিকল্পনা করা, গবেষণা করা এবং অভিভাবকদের সমর্থনের ওপরে জোর দিতে হবে।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য উপলব্ধ উচ্চশিক্ষা এবং কারিগরী শিক্ষার কি কি সুযোগ আছে তা অন্বেষণ করার জন্য অভিভাবকদের একটি কার্যকর পদক্ষেপ নিতে বিশেষ শিক্ষক – শিক্ষিকারা উৎসাহিত করবেন।
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের যেকোন প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজনে অতিরিক্ত নির্দেশ প্রদান করবেন।

১০ মিনিট

## সমাপনী মন্তব্য

- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের তাদের সন্তানের ক্ষমতার ওপর বিশ্বাস রাখতে এবং শিশুদের মধ্যে লুকিয়ে থাকা সম্ভাবনাকে লালন করতে উৎসাহিত করবেন
- ক্যারিয়ারে সফল হওয়ার জন্য ক্রমাগত শেখা এবং দক্ষতার বিকাশ ঘটানো কেন গুরুত্বপূর্ণ সেই বিষয়ে জোর দিতে হবে
- বিশেষ শিক্ষক-শিক্ষিকারা অভিভাবকদের একটি দল বা নেটওয়ার্ক গঠন করার জন্য উৎসাহিত করতে পারেন যাতে তারা এই দল বা নেটওয়ার্কের মাধ্যমে তাদের অভিজ্ঞতা ও প্রয়োজনীয় সম্পদ একে অপরের সাথে ভাগ করে নিতে পারেন।
- আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য এবং সন্তানের ভবিষ্যত গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ হওয়ার জন্য বিশেষ শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত সকল অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে আলোচনা সভা সমাপ্ত করবেন।

